আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

আর স্মরণ কর, যখন আল্লাহ বলবেন, হে ঈসা! আমি তোমাকে নিয়ে নেবো এবং তোমাকে নিজের দিকে তুলে নিবো-কাফেরদের থেকে তোমাকে পবিত্র করে দেবো।

সূরা আল ইমরান ৫৫

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শুক্রবার ॥ ১৭ জুলাই ২০২৬ ॥ ০২ সফর ১৪৪৮ ॥ ০২ শ্রাবণ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৪৬ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে

বিশ্বমানের সিমেন্ট

অ্যাংকর সিমেন্ট

স্থায়ীত্বের মজবুত নোঙ্গর

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

সব ধর্ম-সম্প্রদায়ের মানুষকে নিয়ে দেশের উন্নয়নে কাজ করাই সরকারের লক্ষ্য

কীর্তনখোলা ডেস্ক

স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, বাংলাদেশের রাজনীতিতে ধর্মকে কেন্দ্র করে ২ এর পাতায় দেখুন

আন্দোলন করে পরীক্ষা স্থগিত বা বিনা পরীক্ষায় পাস আমরা অ্যালাউ করবো না

কীর্তনখোলা ডেস্ক

আন্দোলন করে পরীক্ষা স্থগিত বা বিনা পরীক্ষায় পাসের মতো অপসংস্কৃতি আমরা অ্যালাউ করবো না বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী ২ এর পাতায় দেখুন

নবম ওয়েজ বোর্ড বাস্তবায়ন ছাড়া সাংবাদিকদের পেশাগত নিরাপত্তা সম্ভব নয়

কীর্তনখোলা ডেস্ক

নবম ওয়েজ বোর্ড বাস্তবায়ন ছাড়া সাংবাদিকদের পেশাগত নিরাপত্তা, সম্মানজনক বেতন-ভাতা ও চাকরির স্থায়িত্ব ২ এর পাতায় দেখুন



জীবন দেব, তবু ২৪ হারিয়ে যেতে দেব না : জামায়াত আমির

কীর্তনখোলা ডেস্ক

বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, আল্লাহর কসম, জীবন দেব কিন্তু ২ এর পাতায় দেখুন

আত্মগোপনে ভারতে ছিলেন

জিয়াউর রহমানকে গুলি করেন মেজর মোজাফফর

কীর্তনখোলা ডেস্ক

প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমান হত্যায় জড়িত ৪৫ বছর ধরে পলাতক মেজর মো. মোজাফফর হোসেনকে আটক করেছে পুলিশ। রাজধানীর বনানী ডিওএইচএস এলাকা থেকে তাকে আটক করে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ। বৃহস্পতিবার (১৬ জুলাই) বিকেলে ডিবির অতিরিক্ত পুলিশ কমিশনার মো. শফিকুল ইসলাম আটকের বিষয়টি নিশ্চিত করেন। বিভিন্ন ঐতিহাসিক ও মামলাসংক্রান্ত বিবরণ অনুযায়ী, মেজর মোজাফফর হোসেন প্রথম রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে শনাক্ত করেন এবং তাকে লক্ষ্য করে সরাসরি গুলি চালান। এরপর দীর্ঘ সময় ভারতে আত্মগোপনে ছিলেন তিনি। ডিবি জানিয়েছে, প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া শেষে কোর্ট মার্শাল সম্পন্ন করার জন্য তাকে বাংলাদেশ সেনাবাহিনীর কাছে হস্তান্তর করা হবে। জিয়াউর রহমান ছিলেন বাংলাদেশের ষষ্ঠ রাষ্ট্রপতি, সাবেক সেনাপ্রধান এবং একজন মুক্তিযোদ্ধা। তিনি ১৯৩৬ সালের ১৯ জানুয়ারি বগুড়ার গাবতলী উপজেলার বাগমারা গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৭৫ সালের ৭ নভেম্বর সিপাহি-জনতার বিপ্লবের মাধ্যমে রাষ্ট্রীয় ক্ষমতার কেন্দ্রবিন্দুতে অধিষ্ঠিত হন। জানা গেছে, ১৯৮১ সালের ৩০ মে ভোররাতে চট্টগ্রাম সার্কিট হাউজে একদল বিপথগামী সেনা কর্মকর্তা হামলা চালিয়ে তৎকালীন রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে হত্যা করেন। এই হত্যাযজ্ঞে সরাসরি অংশ নেওয়া সেনা কর্মকর্তাদের মধ্যে মেজর (অব.) মোজাফফর হোসেন ও ক্যাপ্টেন মোসলেহ উদ্দিন ছিলেন অন্যতম। বিভিন্ন ঐতিহাসিক ও মামলাসংক্রান্ত বিবরণ অনুযায়ী মেজর (অব.) মোজাফফর হোসেনই প্রথম রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে শনাক্ত করেন এবং তাকে লক্ষ্য করে সরাসরি গুলি চালান। হত্যাকাণ্ড নিশ্চিত করার পর তিনিই চট্টগ্রাম সেনানিবাসের ২৪ পদাতিক ডিভিশনের তৎকালীন জিওসি মেজর জেনারেল আবুল মঞ্জুরকে ২ এর পাতায় দেখুন

বঙ্গোপসাগরের মিয়ানমার উপকূলে ২ নৌকাডুবি ৫৩০ রোহিঙ্গা নিহতের শঙ্কা

কীর্তনখোলা ডেস্ক

বঙ্গোপসাগরের মিয়ানমার উপকূলে দু'টি নৌকাডুবির ঘটনায় ৫৩০ জন রোহিঙ্গার সলিল সমাধি হয়েছে বলে আশঙ্কা করা হচ্ছে। বৃহস্পতিবার জাতিসংঘের অভিবাসন বিষয়ক সংস্থা আইওএম এবং শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর এক বিবৃতিতে জানানো হয়েছে এ তথ্য। বিবৃতিতে বলা হয়েছে, গত জুন মাসের শেষ দিকে বাংলাদেশের সীমান্তবর্তী রাখাইন রাজ্যের বঙ্গোপসাগর উপকূল থেকে যাত্রা শুরু করেছিল নৌকা দু'টি। একটি নৌকায় ২৫০ জন এবং অপর নৌকায় ২৬০ জন যাত্রী ছিলেন। যাত্রীদের মধ্যে মিয়ানমারের রোহিঙ্গা জনগোষ্ঠীর পাশাপাশি বাংলাদেশের কক্সবাজার জেলার টেকনাফের শরণার্থী শিবিরে আশ্রয় নেওয়া বেশ কয়েকজন রোহিঙ্গা নারী-পুরুষও ছিলেন। জুন মাসের শেষে যাত্রা শুরু করার প্রায় ২ সপ্তাহ পর গত ৮ জুলাই মিয়ানমারের ইরাওয়াদি উপকূলে নৌকা ২ এর পাতায় দেখুন

বরিশাল মহানগর ছাত্রদলের আয়োজনে জুলাই আগস্ট গণঅভ্যুত্থানে বিজয়ের দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষে স্মরণসভায় উপস্থিত মহানগর বিএনপির আহবায়ক মনিরুজ্জামান খান ফারুক ও সদস্য সচিব জিয়া উদ্দিন সিকদার-**কীর্তনখোলা**

আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পেয়েছে দক্ষিণাঞ্চলের নদ-নদীর পানি

কীর্তনখোলা রিপোর্ট

বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপ এবং টানা কয়েকদিনের ভারী বৃষ্টির প্রভাবে দক্ষিণাঞ্চলের নদ-নদীর পানি আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পেয়েছে। বুধবার (১৫ জুলাই) সন্ধ্যা পর্যন্ত বরিশাল বিভাগসহ দক্ষিণাঞ্চলের অন্তত নয়টি নদ-নদীর পানি বিপৎসীমা অতিক্রম করে প্রবাহিত হচ্ছে। এতে নদী তীরবর্তী নিম্নাঞ্চল প্লাবিত হয়ে বসতবাড়ি, ফসলি জমি ও স্থানীয় সড়কে পানি উঠেছে। পানিবন্দি হয়ে দুর্ভোগে পড়েছে হাজারো মানুষ। পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) জল অনুসন্ধান বিভাগের উপ-সহকারী প্রকৌশলী তাজুল ২ এর পাতায় দেখুন

জুলাই শহিদ দিবসে বরিশালে শ্রদ্ধা ও র‌্যালি

কীর্তনখোলা রিপোর্ট

জুলাই শহিদ দিবস উপলক্ষে বরিশালে যথাযোগ্য মর্যাদায় নানা কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি পালিত হয়েছে। বৃহস্পতিবার সকাল ১০টায় জেলা প্রশাসনের উদ্যোগে জুলাই শহিদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে দিবসের কর্মসূচির সূচনা হয়। এ সময় বরিশালের বিভাগীয় কমিশনার খলিল আহমদ, রেঞ্জ ডিআইজি মো. মোস্তাফিজুর রহমান, বরিশাল মেট্রোপলিটন পুলিশ, জেলা প্রশাসক মো. মামুন খন্দকার, বিএনপিসহ বিভিন্ন সরকারি দপ্তর, রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধিরা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। পরে সরকারি ব্রজমোহন (বিএম) কলেজে দিবসটি উপলক্ষে একটি র‌্যালি ও আলোচনা ২ এর পাতায় দেখুন

জুলাই শহীদ দিবস উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন বিভাগীয় কমিশনার খলিল আহমেদ। উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মামুন খন্দকারসহ অন্যান্যরা -**কীর্তনখোলা**

হামের উপসর্গে আরও ৮ জনের মৃত্যু, মোট ৭৭৯

কীর্তনখোলা ডেস্ক

দেশে নতুন করে হামের উপসর্গে আরও ৮ জনের মৃত্যু হয়েছে। এ সময়ে হামে আক্রান্ত হয়ে কোনো মৃত্যু নেই। বৃহস্পতিবার স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় (বুধবার সকাল ৮টা থেকে গতকাল সকাল ৮টা পর্যন্ত) নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ১৯৭ জনের। এ ছাড়া হামের উপসর্গ দেখা গেছে ৯৭৪ জনের। প্রতিবেদনে আরও বলা হয়, গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত সারা দেশে হামের উপসর্গে মারা গেছে ৬৮৪ জন। একই সময়ে নিশ্চিত হামে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে আরও ৯৫ জনের। সব মিলিয়ে হাম ও হামের উপসর্গে মোট ৭৭৯ জনের মৃত্যু হয়েছে। গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে যে ৮ জনের মৃত্যু হয়েছে, তাদের মধ্যে তিনজন ঢাকা বিভাগের। দুইজন খুলনা বিভাগের আর সিলেট, ময়মনসিংহ ও চট্টগ্রাম বিভাগে একজন ২ এর পাতায় দেখুন

অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল

দক্ষিণাঞ্চলের উন্নয়ন বঞ্চনার অবসানের দাবিতে ১১ দলীয় জোটের সমাবেশ

কীর্তনখোলা রিপোর্ট

গণভোটের গণরায় বাস্তবায়ন, জুলাই সনদের কার্যকর বাস্তবায়ন, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, জনদুর্ভোগ নিরসন এবং দক্ষিণাঞ্চলের দীর্ঘদিনের উন্নয়ন বঞ্চনার অবসানের দাবিতে আগামী ১৮ জুলাই বরিশালে অনুষ্ঠিত ১১ দলীয় জোটের বিভাগীয় সমাবেশকে ঘিরে সংবাদ সম্মেলন আয়োজন করা হয়েছে। বৃহস্পতিবার (১৬ জুলাই) সকাল সাড়ে ১১টায় নগরীর বরিশাল প্রেস ক্লাব ৩ এর পাতায় দেখুন

শিক্ষামন্ত্রীর পদত্যাগ না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে: এইচএসসি পরীক্ষার্থীরা

কীর্তনখোলা ডেস্ক

শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলনের পদত্যাগ না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে আন্দোলনরত এইচএসসি পরীক্ষার্থীরা। একই সঙ্গে তারা দাবি করেছে, আন্দোলনের সময় সরকার পতনের স্লোগান দেওয়া ও বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করা ব্যক্তিরা বহিরাগত। বৃহস্পতিবার (১৬ জুলাই) দুপুরে রাজধানীর সায়েন্স ল্যাব মোড়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই ঘোষণা ২ এর পাতায় দেখুন

চরমোনাই পীর

সংস্কার বাস্তবায়ন না হওয়া আবু সাঈদের রক্তের সঙ্গে বিশ্বাসঘাতকতা

কীর্তনখোলা ডেস্ক

এখনো সংস্কার বাস্তবায়ন না হওয়া শহীদ আবু সাঈদের রক্তের সঙ্গে বিশ্বাসঘাতকতার শামিল বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম। তিনি বলেন, চব্বিশের জুলাইয়ের এই দিনে পুলিশের বুলেটের সামনে আবু সাঈদ যখন বুক পেতে দিয়েছিলেন- তখন তিনি বৈষম্য, স্বৈরতন্ত্র ও ফ্যাসিবাদের বিরুদ্ধে দাঁড়িয়েছিলেন। সব ধরনের অনিয়ম ও স্বৈরতন্ত্রের চিরস্থায়ী বিলোপের জন্য বুক ২ এর পাতায় দেখুন

জুলাই কর্নার

আবু সাঈদরা মরেও অমর

মৌমিতা বিনতে মিজান

"স্যার! (মোহাম্মদ শামসুজ্জোহা), এই মুহূর্তে আপনাকে ভীষণ দরকার স্যার! আপনার সমসাময়িক সময়ে যারা ছিলো সবাই তো মরে গিয়েছে। কিন্তু আপনি মরেও অমর। আপনার সমাধি আমাদের প্রেরণা। আপনার চেতনায় আমরা উদ্ভাসিত"। আপনারাও প্রকৃতির নিয়মে একসময় মারা যাবেন। কিন্তু যতদিন বেঁচে আছেন মেরুদণ্ড নিয়ে বাঁচুন। ন্যায্য দাবিকে সমর্থন জানান, রাস্তায় নামুন, শিক্ষার্থীদের ঢাল হয়ে দাঁড়ান। প্রকৃত সম্মান এবং শ্রদ্ধা পাবেন। মৃত্যুর সাথে সাথেই কালের গর্ভে হারিয়ে যাবেন না। আজন্ম বেঁচে থাকবেন শামসুজ্জোহা হয়ে। অন্তত একজন 'শামসুজ্জোহা' হয়ে মরে যাওয়াটা অনেক বেশি আনন্দের, সম্মানের আর গর্বের।"

এটি একটি ফেসবুক স্ট্যাটাস। ২০২৪ সালের কোটা সংস্কার আন্দোলনকে বেগবান করার জন্য রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্র ১৫ জুলাই ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

চরমোনাইতে শিশুকে অপহরণ করে সংঘবদ্ধ ধর্ষণ, গ্রেফতার ১

কীর্তনখোলা রিপোর্ট

১২ বছরের এক শিশুকে অপহরণ করে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগে চারজনের বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা দায়ের করা হয়েছে। এ ঘটনায় পুলিশ অভিযান চালিয়ে এহাজারভূক্ত এক আসামিকে গ্রেফতার করে আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরন করেছেন। ঘটনাটি বরিশাল সদর উপজেলার চরমোনাই ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের রাজারচর এলাকার। এরপূর্বে মঙ্গলবার (১৫ জুলাই) বরিশাল কোতোয়ালি মডেল থানায় ভুক্তভোগী শিশুর মা বাদি হয়ে মামলাটি দায়ের করেন। থানা সূত্রে জানা গেছে, নারী ও শিশু নির্যাতন দমন আইনে দায়ের করা মামলার এজাহারে উল্লেখ করা হয় গত ১০ জুলাই সন্ধ্যায় ভূক্তভোগী শিশুটিকে জোরপূর্বক অপহরণ করে সংঘবদ্ধভাবে ধর্ষণ করা হয়। এ সময় তার কানে ব্যবহৃত এক জোড়া স্বর্ণের দুলও নিয়ে যাওয়া হয়েছে। এ ঘটনায় দায়ের করা মামলায় ওই এলাকার আনিচের ছেলে ইলিয়াস, মোক্তার হোসেনের ছেলে আবু সাঈদ, জামাল আকনের ছেলে রুহুল ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলাঃ** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলাঃ** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলাঃ** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলাঃ** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলাঃ** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

শ্রমবাজার সম্প্রসারণে জোর দিন

বাংলাদেশের অর্থনীতিতে প্রবাস আয় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তা সত্ত্বেও জনশক্তি রপ্তানি বৃদ্ধিতে পরিকল্পিত উদ্যোগ কম। আধুনিক পৃথিবীতে কায়িক শ্রমের চাহিদা দিন দিনই কমছে। বাড়ছে দক্ষ ও প্রযুক্তিগতভাবে অগ্রসর শ্রমশক্তির চাহিদা। কিন্তু দক্ষ জনশক্তি তৈরির ক্ষেত্রে আমাদের অগ্রগতি খুবই কম। তা ছাড়া নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধান ও সেসব বাজারে কর্মী প্রেরণের ক্ষেত্রেও আমাদের খুব একটা অগ্রগতি নেই। প্রকাশিত প্রতিবেদন থেকে জানা যায়, সৌদি আরব ও কয়েকটি দেশ ছাড়া মধ্যপ্রাচ্যের অনেক শ্রমবাজার বাংলাদেশের জন্য প্রায় বন্ধ। খাতসংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, এই পরিস্থিতি দীর্ঘস্থায়ী হলে প্রবাস আয়ের প্রবৃদ্ধি এবং সরকারের শ্রম রপ্তানির লক্ষ্য বাস্তবায়ন কঠিন হয়ে পড়তে পারে। বাংলাদেশের সবচেয়ে বড় শ্রমবাজার সৌদি আরব, সেখানেও কর্মী নিয়োগ কমছে। এর ফলে সামগ্রিকভাবেই বাংলাদেশের জনশক্তি রপ্তানির গতি নিম্নমুখী। জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) তথ্য বিশ্লেষণে দেখা যায়, ১ জানুয়ারি থেকে ৩১ মার্চ পর্যন্ত তিন মাসে বিভিন্ন দেশে কাজের উদ্দেশ্যে গেছেন এক লাখ ৬৬ হাজার ৩৪৫ জন বাংলাদেশি। পরবর্তী তিন মাস ১১ দিনে (১ এপ্রিল থেকে ১১ জুলাই পর্যন্ত) বিদেশে গেছেন এক লাখ ২৭ হাজার ২২০ জন। এই সময়ে প্রথম তিন মাসের তুলনায় কর্মী যাওয়া কমেছে ৩৯ হাজার ১২৫ জন। দেশভিত্তিক পরিসংখ্যানে দেখা যায়, প্রথম তিন মাসে সৌদি আরবে গেছেন এক লাখ ৩৪ হাজার ৬৫৪ জন, কাতারে ১৩ হাজার ৬৮৯ জন, কুয়েতে ছয় হাজার একজন, জর্দানে চার হাজার ৫৮৬ জন, সংযুক্ত আরব আমিরাতে তিন হাজার ৬১৭ জন, ইরাকে দুই হাজার ৮৮৩ জন, লেবাননে ৮৭৫ জন, ওমানে ১৭ জন, তুরস্কে ১৬ জন এবং ইয়েমেনে চারজন। অন্যদিকে ১ এপ্রিল থেকে ১১ জুলাই পর্যন্ত সৌদি আরবে গেছেন ৮৯ হাজার ৬১ জন, কাতারে ১৮ হাজার ৩১৪ জন, সংযুক্ত আরব আমিরাতে ছয় হাজার ৬০৩ জন, কুয়েতে পাঁচ হাজার ৮০৮ জন, জর্দানে চার হাজার ৮৯০ জন, ইরাকে এক হাজার ৭৫২ জন, লেবাননে ৭৫০ জন, ওমানে ২০ জন, তুরস্কে ১৮ জন এবং বাহরাইনে তিনজন। কাতার ও আরব আমিরাতে কর্মী যাওয়া কিছুটা বাড়লেও সৌদি আরবে বড় ধরনের পতন হয়েছে। ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলা-পরবর্তীকালে মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে থাকা যুক্তরাষ্ট্রের ঘাঁটিগুলোতে ইরানের হামলা মধ্যপ্রাচ্যের পরিস্থিতিকে খুবই অস্থিতিশীল করে তুলেছে। ইসরায়েল লেবাননেও হামলা চালাচ্ছে। এই সংঘাত খুব সহজে থামবে, তা-ও বলা যায় না। ফলে মধ্যপ্রাচ্যের দেশগুলোতে বিদেশি শ্রমশক্তির চাহিদা আরো কমে যাওয়ার আশঙ্কা করা হচ্ছে সামনের দিনগুলোতে। অথচ আমাদের শ্রমবাজার প্রধানত মধ্যপ্রাচ্য, বিশেষ করে সৌদি আরবের ওপর নির্ভরশীল। বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সির (বায়রা) সাবেক মহাসচিব শামীম আহমেদ চৌধুরী নোমান বলেন, কোনো একটি দেশের ওপর অতিরিক্ত নির্ভরশীলতা দীর্ঘ মেয়াদে ঝুঁকিপূর্ণ। বন্ধ বা সীমিত শ্রমবাজারগুলো দ্রুত চালু করার পাশাপাশি বিদ্যমান ১০ থেকে ১২টি প্রধান শ্রমবাজার সচল রাখার ওপর সর্বাধিক গুরুত্ব দিতে হবে।

জীবন দেব, তবু

'২৪' হারিয়ে যেতে দেব না। আমরা লজ্জিত, কারণ প্রতিবার সাধারণ মানুষ, ছাত্র, তরুণ, যুবক, শ্রমিক জীবন দিয়ে অর্জন এনে দেওয়ার পর কিছু লুটেরা সেই অর্জন ছিনিয়ে নেয়। আজও ২০২৪-এর অর্জন হারিয়ে দেওয়ার চেষ্টা চলছে। বৃহস্পতিবার (১৬ জুলাই) দুপুরে রাজধানীর কাকরাইলে আইডিবির মিলনায়তনে জুলাই শহীদ দিবস উপলক্ষ্যে বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে শহীদ আবু সাঈদসহ জুলাই গণঅভ্যুত্থানে শহীদদের স্মরণে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের সাধারণ সম্পাদক ড. শফিকুল ইসলাম মাসুদের সঞ্চালনায় আলোচনা সভার সভাপতিত্ব করেন ঢাকা মহানগরী দক্ষিণ জামায়াতে ইসলামীর আমীর মো. নূরুল ইসলাম বুলবুল। জামায়াত আমির বলেন, আজ যে সংসদ ও সরকার গঠিত হয়েছে, সবাই স্বীকার করেন এটি ২০২৪-এর ফসল। অথচ কেউ কেউ বলতে চান, ২০২৪ তেমন গুরুত্বপূর্ণ নয়, আগের অংশটাই গুরুত্বপূর্ণ। আমরা তো কখনো বলিনি আগের অংশ গুরুত্বপূর্ণ নয়। সেই সময়েই তো আমরা আমাদের ১১ জন শীর্ষ নেতাকে হারিয়েছি। শত শত সহকর্মীকে হারিয়েছি। অসংখ্য মানুষ কারাগারে গেছেন, চাকরি হারিয়েছেন, বাড়িঘরে থাকতে পারেননি। আমরা সেই ত্যাগ অস্বীকার করি না। কিন্তু এটাও সত্য, ২০২৪ না হলে আজ আমি এখানে বক্তৃতা দিতে পারতাম না, বিরোধীদলীয় নেতা হতে পারতাম না, সংসদ সদস্য হতে পারতাম না। একইভাবে তারেক রহমানও প্রধানমন্ত্রী হতে পারতেন না। সরকারের কয়েকজন মন্ত্রীর বক্তব্যের সমালোচনা করে ডা. শফিকুর রহমান বলেন, কিছু মন্ত্রী দায়িত্বজ্ঞানহীন কথা বলেন। সংসদের ভেতরেও বলেন, টকশোতেও বলেন। আমরা যখন এসব বিষয় সংসদে উত্থাপন করি, তখন বলা হয় এগুলো সংসদের বাইরের বিষয়। অথচ আমাদের আঘাত করতে গেলে আধা শতাব্দী আগের ঘটনাও টেনে আনা হয়। একটি প্রবাদ উল্লেখ করে তিনি বলেন, চিংড়ি মাছ লাফ দিলে পেছনের দিকে যায়। সামনে রাস্তা খুঁজে পায় না। জাতি যদি সবসময় পেছনের দিকেই তাকিয়ে থাকে, তাহলে সামনে এগোবে কীভাবে? আমরা সবসময় বলেছি, আসুন সামনে তাকাই। ২০২৪ এর যে অঙ্গীকার, তা বাস্তবায়ন করি। শফিকুর রহমান বলেন, জুলাইয়ের তরুণরা বৈষম্যহীন সমাজ চেয়েছিল। তারা চেয়েছিল সবার অধিকার নিশ্চিত হোক, দুর্নীতি দূর হোক, চাঁদাবাজির কবল থেকে দেশ মুক্ত হোক, আদালতে মানুষ ন্যায়বিচার পাক। তারা ভিক্ষা চায়নি, তাদের যোগ্যতা অনুযায়ী কাজ চেয়েছিল। কিন্তু আমরা আজ বড় বড় কথা শুনছি, কাজের বেলায় তার প্রতিফলন দেখছি না।

নবম ওয়েজ বোর্ড বাস্তবায়ন

নিশ্চিত করা সম্ভব নয় বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। একই সঙ্গে সংবাদপত্র ও গণমাধ্যম শিল্পে উদ্যোক্তাদের বিনিয়োগের নিরাপত্তা নিশ্চিত করতে রাষ্ট্রের নীতিগত সহায়তার প্রয়োজন রয়েছে বলেও তিনি উল্লেখ করেন। বৃহস্পতিবার (১৬ জুলাই) রাজধানীর একটি মিডিয়া গ্রুপের প্রধান কার্যালয় পরিদর্শনকালে সেখানে কর্মরত সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেন, সাংবাদিকদের আর্থিক অনিশ্চয়তা দূর করা না গেলে পেশাদার সাংবাদিকতা ক্ষতিগ্রস্ত হবে এবং অপসাংবাদিকতার সুযোগ সৃষ্টি হবে। প্রকৃত ও মেধাবী সাংবাদিকদের এই পেশায় ধরে রাখতে সম্মানজনক বেতন কাঠামো নিশ্চিত করা অপরিহার্য। তিনি বলেন, সংবাদপত্র শিল্পের মালিকদের সঙ্গে আলোচনা ও সমঝোতার ভিত্তিতে তাদের বিনিয়োগের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। একই সঙ্গে রাষ্ট্রকে এমন নীতিগত সহায়তা দিতে হবে, যাতে গণমাধ্যম শিল্পে বিনিয়োগ অব্যাহত থাকে। মন্ত্রী বলেন, বর্তমান সরকার গণমাধ্যমের স্বাধীনতায় বিশ্বাসী। প্রধানমন্ত্রী গণমাধ্যমের স্বাধীন পরিবেশ নিশ্চিত করা, গণমাধ্যম সংস্কার এবং প্রয়োজনীয় কমিশন গঠনের বিষয়ে ধারাবাহিকভাবে দিকনির্দেশনা দিয়ে আসছেন। সরকারের লক্ষ্য, অংশীজনদের মতামতের ভিত্তিতে একটি আধুনিক, দায়িত্বশীল, স্বাধীন ও টেকসই গণমাধ্যম ব্যবস্থা গড়ে তোলা। জহির উদ্দিন স্বপন বলেন, বর্তমান সময়ে গণমাধ্যমের প্রধান চ্যালেঞ্জ সরকার ও গণমাধ্যমের মধ্যে নয়; বরং ভুয়া ও বিভ্রান্তিকর তথ্যের বিরুদ্ধে সমাজ ও রাষ্ট্রের সম্মিলিত লড়াই। তিনি বলেন, প্রচলিত গণমাধ্যম বর্তমানে ডিজিটাল প্ল্যাটফর্মের সঙ্গে কঠিন প্রতিযোগিতার মুখে রয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যম ও স্বাধীন কনটেন্ট নির্মাতাদের উত্থানের ফলে বিজ্ঞাপনের বড় একটি অংশ ডিজিটাল মাধ্যমে চলে যাচ্ছে। তাই মূলধারার গণমাধ্যমকে প্রযুক্তির সঙ্গে খাপ খাইয়ে আরও শক্তিশালী ও প্রতিযোগিতামূলক হয়ে উঠতে হবে।

আন্দোলন করে পরীক্ষা স্থগিত

সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, অন্তর্বর্তী সরকারের সময় সচিবালয়ে গিয়ে দাবি আদায়, পরীক্ষা স্থগিত বা বিনা পরীক্ষায় পাসের মতো একটি 'অপসংস্কৃতি' তৈরি হয়েছিল। সেই প্রবণতার ধারাবাহিকতাই এখনো কিছু ক্ষেত্রে দেখা যাচ্ছে। আমরা শিক্ষার মান ক্ষুণ্ন হতে দেবো না। বৃহস্পতিবার (১৬ জুলাই) দুপুরে সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। শিক্ষার্থীদের এই আন্দোলনকে সরকার কীভাবে দেখছে? এমন প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এগুলো আমরা খুব একটা গুরুত্বের সঙ্গে নিচ্ছি না। দু-একটি জেলা এবং ঢাকার কয়েকটি স্পটে সীমিতসংখ্যক মানুষকে এ বিষয়ে কথা বলতে দেখা গেছে। মিডিয়ায় আসায় বিষয়টি বেশি আলোচনায় এসেছে। আওয়ামী লীগ সরকারের সময় অটোপাস, অতিরিক্ত নম্বর দেওয়া এবং ঢালাওভাবে জিপিএ-৫ দেওয়ার সংস্কৃতির সমালোচনা করে সালাহউদ্দিন আহমদ বলেন, এসবের কারণে শিক্ষার মান ক্ষতিগ্রস্ত হয়েছিল। বর্তমান সরকার সেই পরিস্থিতি থেকে বেরিয়ে আসতে কাজ করছে। তিনি বলেন, নকলমুক্ত পরিবেশে পরীক্ষা নিতে চাই। বাংলাদেশের শিক্ষার মান পুনরুদ্ধার করে জ্ঞানসমৃদ্ধ, প্রযুক্তিনির্ভর ও প্রতিযোগিতামূলক একটি জাতি গড়ে তুলতে চাই। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে যারা পরীক্ষায় অংশ নিতে পারেননি বা ব্যর্থ হয়েছেন, তাদের পুনরায় পরীক্ষার সুযোগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এছাড়া চট্টগ্রাম শিক্ষা বোর্ডের স্থগিত পরীক্ষাগুলো অনুষ্ঠিত হওয়ার সময় ওই শিক্ষার্থীরাও পরীক্ষায় অংশ নিতে পারবেন।

সব ধর্ম-সম্প্রদায়ের মানুষকে

বিভাজনের চেষ্টা করা হলেও সরকার সেই পথে বিশ্বাস করে না। বাংলাদেশি জাতীয়তাবাদের চেতনায় সব ধর্ম ও সম্প্রদায়ের মানুষকে সঙ্গে নিয়ে দেশের উন্নয়নে কাজ করাই সরকারের লক্ষ্য। বৃহস্পতিবার (১৬ জুলাই) রাজধানীর স্বামীবাগ আশ্রমে শ্রী শ্রী জগন্নাথদেবের রথযাত্রা মহোৎসব ২০২৬-এর উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ এবং সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার পথ অনুসরণ করে বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমান সকল ধর্মের মানুষের অধিকার ও মর্যাদা নিশ্চিত করতে কাজ করছেন। তিনি দাবি করেন, জনগণের সমর্থনে গঠিত সরকার দেশের উন্নয়ন ও মানুষের কল্যাণকে অগ্রাধিকার দিচ্ছে। মন্ত্রী বলেন, বাংলাদেশ কোনো নির্দিষ্ট ধর্মের রাষ্ট্র নয়; এটি সব ধর্মাবলম্বী মানুষের দেশ। সব সম্প্রদায়ের মানুষের অংশগ্রহণ ও প্রতিনিধিত্ব নিশ্চিত করেই সরকার সামনের দিকে এগিয়ে যেতে চায়। মুক্তিযুদ্ধের চেতনার কথা উল্লেখ করে স্থানীয় সরকার মন্ত্রী বলেন, ১৯৭১ সালে হিন্দু, মুসলিম, বৌদ্ধ ও খ্রিষ্টান সবাই একসঙ্গে যুদ্ধ করে দেশ স্বাধীন করেছি। সেই সম্প্রীতির বন্ধন নষ্ট করতে একটি অপশক্তি বারবার চেষ্টা করছে। এ ধরনের অপচেষ্টা প্রতিহত করতে সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান তিনি। এ সময় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী বিজন কান্তি সরকার ও প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এ বি এম আব্দুস সাত্তারসহ আরও অনেকেই সভায় উপস্থিত ছিলেন।

চরমোনাইতে শিশুকে অপহরণ

আমিন ও সহযোগি হিসেবে ইলিয়াচের স্ত্রী রোকসানাকে আসামি করা হয়েছে। কোতোয়ালি মডেল থানার ওসি মো. আল মামুন উল ইসলাম জানিয়েছে, মামলাটি গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে। ইতিমধ্যে মামলার এজাহারভূক্ত ৩ নাম্বার আসামি রুহুল আমিনকে ১৬ জুলাই সকালে গ্রেফতার করা হয়েছে। ওইদিন দুপুরে গ্রেফতারকৃতকে আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরণ করা হয়। মামলার অপর আসামিদের গ্রেপ্তারের জন্য পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

সংস্কার বাস্তবায়ন না হওয়া

পেতেছিলেন। বৃহস্পতিবার (১৬ জুলাই) শহীদ আবু সাঈদের শাহাদাৎ বার্ষিকী ও জুলাই শহীদ দিবসের বিশেষ বার্তায় এসব কথা বলেন। চরমোনাই পীর বলেন, আবু সাঈদের রক্ত জাতির ওপরে বিশাল দায়িত্ব চাপিয়ে দিয়েছিলেন। কিন্তু হতাশার বিষয় হলো, আবু সাঈদের শাহাদাতের পরে দুই বছর অতিক্রান্ত হলেও তার রক্তের দায় শোধ হয়নি। সংস্কারের কিছুই হয়নি। পতিত স্বৈরাচারের বিচার হয়নি। সবচেয়ে আফসোসের বিষয় হলো জুলাই সনদ বাস্তবায়নে গৃহীত গণভোটের রায়কে পর্যন্ত অস্বীকার করা হচ্ছে। তিনি আরও বলেন, আজকের এই দিনে সবাই মিলে জুলাই গণঅভ্যুত্থানের প্রত্যাশা বাস্তবায়নের প্রতিজ্ঞা করতে হবে। জুলাই গণঅভ্যুত্থানের প্রত্যাশা পূরণ হলেই আবু সাঈদসহ সব শহীদের রক্তের দায় শোধ করা হবে। অন্যথায় জাতি হিসেবে সবাই বিশ্বাসঘাতকতার পাপে দায়বদ্ধ হবো। ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির শহীদ আবু সাঈদসহ জুলাইয়ের সব শহীদের মাগফিরাত কামনা করেন। তিনি শোকাহত শহীদ পরিবারের প্রতিও গভীর সমবেদনা জ্ঞাপন করেন। ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে বলেন, ইসলামী আন্দোলন বাংলাদেশ জুলাই গণঅভ্যুত্থানে দলীয় ব্যানারেই লড়াই করেছে। জুলাইয়ের প্রত্যাশা পূরণে সব ধরনের প্রচেষ্টা চালিয়ে যাবে ইনশাআল্লাহ।

আবু সাঈদরা মরেও

২০২৪ তারিখে ঊনসত্তরের গনঅভ্যুত্থানে নিহত রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক শহীদ শামজুজ্জোহাকে উদ্দেশ্য করে লিখেছিলেন।

১৬ জুলাই সারাদেশের মতো রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সামনে কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের সাথে পুলিশের সহিংসতার ঘটনা ঘটে। ছাত্রদের ছত্রভঙ্গ করতে পুলিশ টিয়ার গ্যাস ও লাঠিচার্জ করে ও বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে অবস্হান নেয়। এসময় অনেক ছাত্ররা সরে গেলেও একজন ছাত্র সরেননি। শহীদ শামসুজ্জোহার আদর্শে অনুপ্রাণিত ছাত্রটি মেরুদণ্ড সোজা করে ঢাল হয়ে দাঁড়ালেন। হাতে একটি লাঠি নিয়ে দুহাত প্রসারিত করে প্রতিবাদী ভঙ্গিতে দাঁড়িয়ে গেলেন। আনুমানিক ৫০-৬০ ফুট দূরত্ব থেকে পুলিশ ছররাগুলি চালায়। গুলিবিদ্ধ হন ছেলেটি। প্রথমে হয়তো বিশ্বাস করতে পারেননি যেই রাষ্ট্রের সরকারি বাহিনীর বেতন হয় সেদেশের সাধারণ জনগণের ট্যাক্সের টাকায়, যে বুলেট কেনা হয় জনগনের শুল্ক, কর ও ভ্যাটের টাকায়। সেই বুলেট কিনা নিজের দেশের আইন শৃঙ্খলা বাহিনী অবলীলায় সাধারণ শিক্ষার্থীর বুকে ছুড়তে পারে! দ্বিতীয়বার গুলিবিদ্ধ হবার পর বুঝতে পারেন। কিন্তু তখনও তার চোখেমুখে যেনো অবিশ্বাসের ছাপ। বুকে ও পিঠে ধাতব ছররা গুলি তার হৃৎপিণ্ড, ফুসফুস ও তলপেটে আঘাত হানে। নিভে যায় এক স্বপ্নবাজ যুবকের প্রাণ। এই ছেলেটির নাম আবু সাঈদ। ২০২৪ সালের কোটা সংস্কার আন্দোলনের প্রথম শহীদ। রংপুরের পীরগঞ্জ উপজেলার বাবনপুর গ্রামে জন্ম নেয়া আবু সাঈদ ছয় ভাই আর তিন বোনের মধ্যে সবার ছোট। এসএসসি ও এইচএসসিতে যথাক্রমে গোল্ডেন জিপিএ-৫ ও জিপিএ -৫ পেয়ে ২০২০ সালে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগে ভর্তি হয়েছিলেন ক্ষণজন্মা এই মেধাবী তরুন। যিনি মরে গিয়েও অমর। যার নামটি বাংলাদেশের ইতিহাসের পাতায় স্বর্ণাক্ষরে লেখা থাকবে। এদিন সারাদেশে মোট ৬ জন শহিদ হয়। আর এতেই ক্ষোভে ফেটে পড়ে সারাদেশ।

১৭ জুলাই ২০২৪। কি ঘটেছিলো সেদিন? ১৬ জুলাইয়ে পুলিশ বাহিনীর সঙ্গে সারাদেশের ছাত্র ও সাধারণ মানুষের সহিংসতায় নিহতদের স্মরণে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গুরুত্বপূর্ণ পয়েন্টে প্রতীকী জানাজা ও শোকর‍্যালি অনুষ্ঠিত হয়। শান্তিপূর্ণ এই কর্মসূচিতে ছাত্র ও সাধারণ মানুষের ওপর তৎকালীন ছাত্রলীগ ও পুলিশ হামলা চালায়। টিয়ারশেল, রাবার বুলেট ও লাঠিপেটা করার ফলে পুরো দেশের পরিস্থিতি চরম আকার ধারন করে। এতে সাধারণ মানুষও শিক্ষার্থীদের সমর্থনে রাস্তায় নেমে পড়ে এবং ক্ষোভ প্রকাশ করে। এদিন থেকেই কোটা সংস্কার আন্দোলন ছাত্রদের মধ্যে সীমাবদ্ধ না থেকে গণমানুষের আন্দোলনে রূপ নেয়। ১৭ জুলাই সন্ধ্যার পর থেকে সারাদেশে ইন্টারনেট সংযোগ বন্ধ করে দেয় তৎকালীন সরকার। একই সঙ্গে উপাচার্যের নির্দেশে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আবাসিক হলগুলো খালি করার নির্দেশ দেয় যা সাধারণ শিক্ষার্থীরা প্রত্যাখ্যান করে। উদ্ভূত পরিস্থিতিতে শিক্ষার্থীরা ১৮ জুলাই সারাদেশে "কমপ্লিট শাটডাউন" ঘোষণা করে।

২০২৪ সালের কোটা সংস্কার আন্দোলনটি ছিলো মূলত বাংলাদেশে সকল ধরনের সরকারি চাকরিতে প্রচলিত কোটাভিত্তিক নিয়োগ ব্যবস্হার সংস্কারের দাবি। ঐ বছরের ৫ জুন বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ কর্তৃক ২০১৮ সালের ৪ অক্টোবর বাংলাদেশ সরকারের জারিকৃত পরিপত্রকে অবৈধ ঘোষণার পর কোটা পদ্ধতির সংস্কার আন্দোলন আবার নতুনভাবে আলোচনায় আসে। ২০১৮ সালের কোটা সংস্কার আন্দোলনের প্রেক্ষিতে উক্ত পরিপত্র জারি করা হয়েছিলো। ওই পরিবর্তনের মাধ্যমে সরকারি চাকরিতে নবম গ্রেড (পূর্বতন প্রথম শ্রেণি) এবং ১০ম-১৩ তম গ্রেডের (পূর্বতন দ্বিতীয় শ্রেণি) পদে নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সকল কোটা বাতিল করা হয়েছিলো। ২০২৪ এর ৫ জুন হাইকোর্টের রায়-এ ক্ষোভে ফুসে ওঠে চাকরি প্রত্যাশী ও সাধারণ শিক্ষার্থীরা। তারা কোটা সংস্কারের দাবিতে একত্রিত হন এবং বিক্ষোভ করেন। কিন্তু এসময় ঈদুল আযহার ছুটির কারনে আন্দোলন স্থগিত হয়। ১ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বিক্ষোভ করে এবং তিনদিনের কর্মসূচি ঘোষণা করেন। এরমধ্যেই জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরাসহ দেশের বিভিন্ন স্হানে বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা বিক্ষোভ, মানববন্ধনসহ নানা কর্মসূচি পালন করেন। ১০ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে জড়ো হয়ে শাহবাগে পৌঁছলে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা সেখানে শিক্ষার্থীদের সামনে ব্যারিকেড নিয়ে অবস্হান করে। ১১ জুলাই থেকে কোটা সংস্কার আন্দোলনে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা আইনশৃঙ্খলাবাহিনীর সদস্যদের দ্বারা হামলার শিকার হন। ১৫ জুলাই কোটা আন্দোলনকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজয় একাত্তর হল, সূর্যসেন হলসহ ক্যাম্পাসের বিভিন্ন জায়গায় আন্দোলনকারী শিক্ষার্থীদের ওপর চড়াও হয় তৎকালীন ছাত্রলীগ। এতে শতাধিক শিক্ষার্থী আহত হওয়ার ঘটনা ঘটে। নারী শিক্ষার্থীদের উপর রড,লাঠি, হকস্টিক নিয়ে ঝাঁপিয়ে পরে তৎকালীন ছাত্রলীগ। এসময় শাহবাগসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে জলকামান নিয়ে পুলিশকে অবস্থান নিতে দেখা যায়। নিমিষেই আন্দোলন ছড়িয়ে পরে গোটা দেশজুড়ে। সারা দেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা রাস্তায় নেমে প্রতিবাদে ফেটে পড়ে।

জুলাই শহিদ দিবসে

সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় বক্তারা জুলাই আন্দোলনের শহিদদের আত্মত্যাগ গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন এবং তাঁদের আদর্শ ধারণ করে একটি গণতান্ত্রিক, মানবিক ও বৈষম্যহীন বাংলাদেশ গঠনে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। দিবসটি উপলক্ষে বিভিন্ন প্রতিষ্ঠানে শহিদদের স্মরণে দোয়া, আলোচনা এবং স্মৃতিচারণমূলক কর্মসূচিও অনুষ্ঠিত হয়।

শিক্ষামন্ত্রীর পদত্যাগ না হওয়া পর্যন্ত

দেয় আন্দোলনরত শিক্ষার্থীরা। সংবাদ সম্মেলনে পরীক্ষার্থীরা জানায়, আগামী দিনে পরিচয়পত্র (আইডি কার্ড) ছাড়া কাউকে আন্দোলনে অংশ নিতে দেওয়া হবে না। তাদের দাবি, আন্দোলনকে ভিন্ন খাতে প্রবাহিত করতেই বহিরাগতরা সরকার পতনের স্লোগান দিয়েছে এবং বিশৃঙ্খলা তৈরির চেষ্টা করেছে। ধানমন্ডির আইডিয়াল কলেজের এইচএসসি পরীক্ষার্থী মো. রায়ান সাংবাদিকদের বলে, বৃষ্টি ও জনদুর্ভোগের বিষয়টি বিবেচনায় নিয়ে দিনের কর্মসূচি প্রত্যাহার করা হয়েছে। তবে তিন দফা দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত থাকবে। শিক্ষার্থীরা অভিযোগ করে, শিক্ষামন্ত্রী পরিস্থিতি সম্পর্কে অবগত থাকা সত্ত্বেও একটি পুরো এইচএসসি ব্যাচের ভবিষ্যৎ অনিশ্চয়তার মধ্যে ফেলেছেন। তবে তারা সরকারের বিরুদ্ধে কোনো আন্দোলন করছে না, বরং তাদের ন্যায্য দাবি আদায়ে সরকারের সহযোগিতা প্রত্যাশা করছে। সংবাদ সম্মেলনে আন্দোলনকারীরা আরও দাবি করে, সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচিত 'ব্রয়লার চিকেন পার্টি' নামের একটি ফেসবুক পেজের সঙ্গে তাদের কোনো সম্পৃক্ততা নেই। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তারা বলে, তারা রাজনীতি করতে আসেনি; শিক্ষার্থীদের ন্যায্য দাবি আদায়ের জন্যই আন্দোলন করছে। আন্দোলনরত শিক্ষার্থীদের তিন দফা দাবি হলো এমসিকিউ ও সিকিউ পরীক্ষার নম্বর যোগ করে পাস নম্বর নির্ধারণ, বিভিন্ন কারণে পরীক্ষায় অংশ নিতে না পারা শিক্ষার্থীদের জন্য পুনরায় পরীক্ষার ব্যবস্থা ও শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলনের পদত্যাগ নিশ্চিত করা।

হামের উপসর্গে আরও

করে রয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত সন্দেহভাজন হাম রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখ ১৫ হাজার ১৩৮ জনে। তাদের মধ্যে নিশ্চিত হাম রোগী ১৪ হাজার ১০৪ জন। একই সময়ে ৯৭ হাজার ৮১৯ জন হাসপাতালে ভর্তি হয়েছে। তাদের মধ্যে চিকিৎসা শেষে ৯৪ হাজার ২৭৫ জন হাসপাতাল ছেড়েছে।

জিয়াউর রহমানকে গুলি

টেলিফোন করে জানান, 'দ্য প্রেসিডেন্ট হ্যাজ বিন কিলড'। হত্যাকাণ্ডের পর সেনাবাহিনীর অভিযানে পরিস্থিতি নিয়ন্ত্রণে এলে মেজর জেনারেল আবুল মঞ্জুরসহ কয়েকজনকে গ্রেফতার করা হয় এবং পরবর্তীতে মঞ্জুর নিহত হন। ক্যাপ্টেন মোসলেহ উদ্দিন গ্রেফতার হয়ে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত হন। তখন মেজর মোজাফফর হোসেন ও মেজর এস এম খালেদ পালিয়ে যেতে সক্ষম হন। তদন্তসংশ্লিষ্ট সূত্র জানায়, মেজর মোজাফফর হোসেন দীর্ঘ সময় ভারতে আত্মগোপনে ছিলেন। ১৯৯৭ থেকে ১৯৯৮ সাল পর্যন্ত তিনি সেখানে অবস্থান করেন। পরবর্তীসময়ে তিনি ছদ্মনাম ব্যবহার করে সীমান্ত অতিক্রম করে বিভিন্ন স্থানে যাতায়াত করতেন।

আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পেয়েছে

ইসলাম বিষয়টি নিশ্চিত করে জানান, জোয়ারের প্রভাব, লঘুচাপ এবং অব্যাহত বৃষ্টিপাতের কারণে দক্ষিণাঞ্চলের অধিকাংশ নদ-নদীর পানি দ্রুত বৃদ্ধি পাচ্ছে। পরিস্থিতির ওপর সার্বক্ষণিক নজর রাখা হচ্ছে। বৃহস্পতিবার (১৬ জুলাই) দুপুরে পানি উন্নয়ন বোর্ড (পাউবো) বরিশালের নির্বাহী প্রকৌশলী মো. জাবেদ ইকবাল বিষয়টি নিশ্চিত করে জানিয়েছেন, গত দুইদিন ধরে জোয়ারের সময় কীর্তনখোলা, সুগন্ধা, বিষখালী, তেঁতুলিয়া, মেঘনা-সুরমা, বলেশ্বর, শ্রীমন্ত,সন্ধ্যা ও কঁচা নদীর পানি বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এছাড়া বিভাগের আরও কয়েকটি নদীর পানি বিপৎসীমার কাছাকাছি রয়েছে এবং আগামী দুই দিনের মধ্যে সেগুলোর পানিও বিপৎসীমা অতিক্রম করতে পারে। পাউবোর তথ্য অনুযায়ী, বরিশাল নগর সংলগ্ন কীর্তনখোলা নদীর পানি বিপৎসীমার ১২ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হয়। এছাড়া ভোলা, পিরোজপুর,ঝালকাঠী বরগুনা ও পটুয়াখালীর বিভিন্ন নদীতেও পানি বিপৎসীমা ছাড়িয়ে গেছে। পাউবোর তথ্য অনুযায়ী, বরিশালের কীর্তণখোলা নদীর পানি বিপৎসীমার ২১ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। ঝালকাঠির বিষখালী ও সুগন্ধা নদীর পানি ৩৭ সেন্টিমিটার, ভোলা খেয়াঘাট সংলগ্ন তেঁতুলিয়া নদীর পানি ২১ সেন্টিমিটার, দৌলতখানে সুরমা ও মেঘনা নদীর পানি ৩৩ সেন্টিমিটার, তজুমদ্দিনে সুরমা ও মেঘনা নদীর পানি ১ দশমিক ২ মিটার, বরগুনার বিষখালী ও খাকদোন নদীর পানি ১১ সেন্টিমিটার, পাথরঘাটার বিষখালী নদীর পানি ৯ সেন্টিমিটার, পটুয়াখালীর মির্জাগঞ্জে পায়রা ও শ্রীমন্ত নদীর পানি ৬৫ সেন্টিমিটার এবং উমেদপুরের কঁচা নদীর পানি ১১ সেন্টিমিটার বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এদিকে. উজিরপুর ও বানারীপাড়ার সন্ধ্যা নদী, কাটিপাড়ার লোহালিয়া নদী এবং বাকেরগঞ্জের তুলাতলি নদীর পানিও উল্লেখযোগ্যভাবে বেড়েছে। তবে এখনো এসব নদীর পানি বিপৎসীমা অতিক্রম করেনি বলে জানিয়েছে পানি উন্নয়ন বোর্ড। নদ-নদীর পানি বিপৎসীমা ছাড়িয়ে যাওয়ায় নদী তীরবর্তী নিম্নাঞ্চলের বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়েছে। বিভিন্ন স্থানে বসতঘরে পানি ঢুকে পড়েছে, তলিয়ে গেছে সবজি ও আমন ধানের জমিসহ নানা ধরনের কৃষিজমি। এতে কৃষকদের পাশাপাশি নিম্নআয়ের মানুষ চরম দুর্ভোগে পড়েছেন। ভোলার তজুমদ্দিন উপজেলার মেঘনা নদী তীরের বাসিন্দা আফজাল হোসেন বলেন, দুপুরের পর হঠাৎ করেই পানি অনেক বেড়ে যায়। অল্প সময়ের মধ্যেই ঘরের ভেতরে পানি ঢুকে পড়ে। এখন আমরা কার্যত পানিবন্দি অবস্থায় আছি। পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলার বাসিন্দা মুরাদ হোসেন জানান, কয়েকদিন ধরেই নদীতে পানি অনেক ছিল। বুধবার সকাল থেকে পানি আরও বাড়তে শুরু করে। বাড়ির সামনের ফসলি জমি তলিয়ে গেছে। পানি বাড়তে থাকলে বসতবাড়িও ঝুঁকির মুখে পড়বে। পানি উন্নয়ন বোর্ড জানিয়েছে, আবহাওয়ার পরিস্থিতির উন্নতি না হলে এবং জোয়ারের প্রভাব অব্যাহত থাকলে আগামী দিনগুলোতে নদ-নদীর পানি আরও বৃদ্ধি পেতে পারে। এ কারণে নদী তীরবর্তী নিম্নাঞ্চলের বাসিন্দাদের সতর্ক থাকার পরামর্শ দেয়া হয়েছে। একই সাথে সংশ্লিষ্ট প্রশাসন ও দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে সম্ভাব্য পরিস্থিতি মোকাবিলায় প্রয়োজনীয় প্রস্তুতি নেয়ার নির্দেশনা দেয়া হয়েছে। দক্ষিণাঞ্চলের নদ-নদীর পানি বৃদ্ধি অব্যাহত থাকায় স্থানীয় বাসিন্দাদের মধ্যে বন্যা ও নদীভাঙনের আশঙ্কাও বাড়ছে। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট সংস্থাগুলো সার্বক্ষণিক পর্যবেক্ষণ অব্যাহত রাখবে বলে জানিয়েছে পানি উন্নয়ন বোর্ড।

বঙ্গোপসাগরের মিয়ানমার উপকূলে

দু'টি ডুবে যায়। আইওএম এবং ইউএনএইচসিআরের বিবৃতিতে বলা হয়েছে, ইরাওয়াদি উপকূলে আসার পর নৌকা দু'টি যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে এবং প্রথমে ডোবে ২৫০ জন যাত্রীবাহী নৌকাটি। তার কিছু সময় পরে দ্বিতীয় নৌকাটিও ডুবে যায় সাগরে। রাখাইন থেকে কোন গন্তব্যের দিকে যাত্রা করেছিল নৌকা দু'টি তা এখনও নির্দিষ্টভাবে জানা যায়নি। তবে ধারণা করা হচ্ছে, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া কিংবা থাইল্যান্ড এই তিন দেশের কোনো একটিতে পৌঁছানো ছিল নৌকাগুলোর উদ্দেশ্য। কারণ যে পথে নৌকা দু'টি যাত্রা করেছিল তা এই তিন দেশে গিয়েই শেষ হয়। ডুবে যাওয়া দু'টি নৌকা থেকে কোনো যাত্রী জীবিত অবস্থায় ফিরে এসেছেন এমন তথ্য পাওয়া যায়নি। বিবৃতিতে আরও বলা হয়েছে, "বঙ্গোপসাগরে জাহাজ ও নৌ চলাচলের সময় নভেম্বর থেকে মার্চ এই ৫ মাস। বাকি ৭ মাস দুর্যোগপূর্ণ আবহাওয়া এবং সমুদ্র অশান্ত থাকার কারণে জাহাজ ও নৌ চলাচল বন্ধ থাকে। এই হতভাগ্য রোহিঙ্গারা এমন সময়ে যাত্রা করেছিলেন, যখন সাগর চূড়ান্ত অশান্ত ছিল।" বিবৃতিতে আরও বলা হয়েছে, "বঙ্গোপসাগরে জাহাজ ও নৌ চলাচলের সময় নভেম্বর থেকে মার্চ এই ৫ মাস। বাকি ৭ মাস দুর্যোগপূর্ণ আবহাওয়া এবং সমুদ্র অশান্ত থাকার কারণে জাহাজ ও নৌ চলাচল বন্ধ থাকে। এই হতভাগ্য রোহিঙ্গারা এমন সময়ে যাত্রা করেছিলেন, যখন সাগর চূড়ান্ত অশান্ত ছিল।" ২০১৭ সালে রাখাইনে রোহিঙ্গাদের বিরুদ্ধে মিয়ানমারের সামরিক বাহিনী অভিযান শুরু করলে দলে দলে তারা সীমান্ত পেরিয়ে বাংলাদেশের দিকে আসা শুরু করেন। বর্তমানে বাংলাদেশের টেকনাফে রোহিঙ্গা শিবিরে অবস্থান করছেন কমপক্ষে ৮ লাখ রোহিঙ্গা। বাংলাদেশের সরকার তাদের বসবাস করার অনুমতি দিলেও নাগরিকত্ব প্রদান করেনি। এ কারণে তাদের মধ্যে বঙ্গোপসাগর পাড়ি দিয়ে মালয়েশিয়া, ইন্দোনেশিয়া কিংবা থাইল্যান্ডে যাওয়ার প্রবণতা বাড়ছে। ইউএনএইচসিআরের তথ্য অনুসারে, ২০২৫ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত ৬ হাজার ৫০০ জনেরও অধিক রোহিঙ্গা বঙ্গোপসাগর পাড়ি দিতে যাত্রা করেছেন এবং তাদের মধ্যে সলিল সমাধি ঘটেছে প্রায় ৯০০ জনের।

মায়ের ফেসবুক স্ট্যাটাসের তিন

মাত্র ২০ মিনিট আগেও নাবিল তার মায়ের সাথে স্বাভাবিকভাবে কথা বলেছিল। এরপর কিছু সময় তাকে খুঁজে না পেয়ে পরিবারের সদস্যরা উদ্বিগ্ন হয়ে চারদিকে খোঁজাখুঁজি শুরু করেন। একপর্যায়ে ঘরের সামনের পুকুরপাড়ে নাবিলের জুতা পানিতে ভাসতে দেখতে পান তার চাচাতো মামা বেল্লাল। সঙ্গে সঙ্গে তিনি পুকুরে ঝাঁপ দিয়ে ঘাটের নিচ থেকে নাবিলকে উদ্ধার করেন। পরে দ্রুত তাকে পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। হৃদয়বিদারক এ ঘটনার প্রায় তিন ঘণ্টা আগে মা ফাহিমা রিমু নিজের ফেসবুক আইডিতে ছেলেকে নিয়ে লিখেছিলেন, "আমার সন্তানকে কে ভালোবাসলো আর কে ভালোবাসলো না, তা নিয়ে আমার কোনো আক্ষেপ নেই। কারণ আমি একাই আমার সন্তানের জন্য পুরো একটা পৃথিবী। আলহামদুলিল্লাহ, আমার সন্তানের হাসিই আমার সবচেয়ে বড় সুখ।" মর্মান্তিক এ ঘটনার পর স্ট্যাটাসটি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। অনেকেই মন্তব্যে শোক প্রকাশ করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন। শোকাহত মা ফাহিমা রিমু কান্নাজড়িত কণ্ঠে বলেন, "আমার ছেলেকে আমি অনেক ভালোবাসতাম। এখন আমি কাকে নিয়ে বাঁচবো? মাত্র ২০ মিনিট আগেই ও আমার সাথে কথা বলেছে। এখন মনে হচ্ছে, ওর কথাগুলো যেন অন্যরকম ছিল।" পরিবার সূত্রে জানা গেছে, নাবিলের বাবা ঢাকায় অবস্থান করছেন। তিনি রাত ৯টার দিকে বাড়িতে পৌঁছানোর পর জানাজার নামাজ শেষে নাবিলকে পারিবারিক কবরস্থানে দাফন করা হবে। সন্তানের প্রতি মায়ের নিঃস্বার্থ ভালোবাসার প্রকাশের কয়েক ঘণ্টা পরই সেই সন্তানকে চিরবিদায় জানাতে হয়েছে। মর্মান্তিক এ ঘটনায় পাথরঘাটাজুড়ে নেমে এসেছে শোকের ছায়া।

মেঘনার পানি বিপৎসীমার

ছোটাছুটি করছেন। অনেককে ঘরের টিনের ছাদে আশ্রয় নিতে দেখা গেছে। এদিকে, বেড়িবাঁধবিহীন ৫ নম্বর কলাতলী ইউনিয়নের চরকলাতলী, কাজীরচর ও ঢালচর এলাকার পরিস্থিতি আরও ভয়াবহ। এসব এলাকা পাঁচ থেকে সাত ফুট জোয়ারের পানিতে তলিয়ে গেছে বলে জানান কলাতলী ইউনিয়ন পরিষদের সদস্য আমিন তালুকদার। অন্যদিকে, রামনেওয়াজ লঞ্চঘাট জোয়ারের পানিতে তলিয়ে যাওয়ায় যাত্রীদের কোমরসমান পানি পেরিয়ে লঞ্চে ওঠানামা করতে হয়েছে। এতে নারী, শিশু ও বয়স্ক যাত্রীরা সবচেয়ে বেশি দুর্ভোগে পড়ে। ৬০ কলোনির বাসিন্দা ইয়াছিন, কামাল, সখিনা বেগমসহ কয়েকজন জানান, দিনে ও রাতে দুই দফা জোয়ারের পানিতে তাঁদের বসতঘর প্লাবিত হচ্ছে। পরিবার-পরিজনকে নিয়ে টিনের চালের ওপর আশ্রয় নিতে হচ্ছে। বিশেষ করে রাতের জোয়ারে চরম আতঙ্কে থাকতে হয়। কখন পানি আসবে, কখন নামবে এই অনিশ্চয়তার মধ্যেই দিন কাটছে। রামনেওয়াজ ঘাট এলাকার বাসিন্দা নাহিদ, মোস্তফা ও মমিন তালুকদার জানান, লঞ্চঘাটসহ আশপাশের এলাকা জোয়ারের পানিতে তলিয়ে গেছে। হাজারো মানুষ পানিবন্দী হয়ে মানবেতর জীবন যাপন করছেন। পাউবোর ডিভিশন-২-এর নির্বাহী প্রকৌশলী মো. আসাফউদ্দৌলা বলেন, মেঘনা নদীর পানি বিপৎসীমার ১০০ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হওয়ায় বেড়িবাঁধের ভেতর ও বাইরের নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। রামনেওয়াজ এলাকার পুরোনো বেড়িবাঁধ সংস্কারের উদ্যোগ নেওয়া হচ্ছে।

ভাণ্ডারিয়ার গৌরীপুরে চমক সৃষ্টি

পরিশ্রম করে ওকে আগলে রেখেছেন ও পড়াশোনা করিয়েছেন।" কৃতিত্বপূর্ণ এই ফলাফলের পর মাঈশা জামান মহান আল্লাহর দরবারে শুকরিয়া আদায় করেছে এবং তার মা-বাবা ও বিদ্যালয়ের শিক্ষকদের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেছে। একই সাথে মাঈশার এই ঈর্ষণীয় সাফল্যের পেছনে তার প্রাইভেট শিক্ষক নজিবুর রহমান লাভলু-এর অবদানও ছিল অপরিসীম। তাঁর সঠিক দিকনির্দেশনা ও অক্লান্ত পরিশ্রম মাঈশার এই অর্জনকে আরও সহজতর করে তুলেছে। মাঈশার এই সাফল্যের পেছনে লুকিয়ে আছে একটি সুন্দর পারিবারিক ইতিহাস। তার বাবা মাওলানা নুরুজ্জামানও বিগত ২০০১ সালে প্রাথমিক বৃত্তি পরীক্ষায় ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছিলেন। বাবার সেই মেধার ধারাবাহিকতা বজায় রেখে এবার মেয়ে মাঈশাও প্রাথমিক বৃত্তি পরীক্ষায় সফলতার সাথে সাধারণ গ্রেডে বৃত্তি অর্জন করলো, যা পুরো পরিবার ও এলাকাবাসীকে গর্বিত করেছে। ৮৫নং গৌরিপুর গুডহোপ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাকির হোসেন মিয়া মাঈশার উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করে বলেন, "মাঈশা বরাবরই খুব ভালো ও লক্ষ্মী একজন শিক্ষার্থী। ছোটবেলা থেকেই তার ভেতর অন্যরকম এক প্রতিভা ছিল। সাধারণ গ্রেডে তার এই সাফল্যে আমরা শিক্ষকরা অত্যন্ত আনন্দিত ও গর্বিত।" ভবিষ্যতে বড় হয়ে একজন আদর্শ ডাক্তার হয়ে দেশের ও সাধারণ মানুষের সেবা করতে চায় মাঈশা। সে যেন তার লক্ষ্য পূরণ করে আরও অনেক দূর এগিয়ে যেতে পারে, সেজন্য সে সকলের কাছে দোয়া প্রার্থী।

আগৈলঝাড়া থানা ভাঙচুর মামলার

থাকার কথা স্বীকার করেছেন। উপশহর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই অলক কুমার দে জানান, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে বাহাদুরপুরের তেতুলতলা এলাকায় অভিযান চালিয়ে রিফাতকে আটক করা হয়। পরবর্তী আইনগত প্রক্রিয়ার জন্য তাকে বরিশাল জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) একটি দলের কাছে হস্তান্তর করা হয়েছে। পুলিশ সূত্রে জানা যায়, গত ৮ জুলাই একটি চুরি মামলার আসামি রিয়াজ ফকিরকে গ্রেফতার করে আগৈলঝাড়া থানা পুলিশ। থানাহাজতে থাকা অবস্থায় তিনি দেয়ালে মাথা আঘাত করে অসুস্থ হয়ে পড়েন। পরে তাকে প্রথমে আগৈলঝাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং পরে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। পুলিশের ভাষ্য অনুযায়ী, চিকিৎসাধীন অবস্থায় রিয়াজ ফকিরের মৃত্যুর গুজব ছড়িয়ে পড়লে শতাধিক নারী-পুরুষ বিক্ষোভ মিছিল নিয়ে থানায় প্রবেশ করে ভাঙচুর চালায়। এ ঘটনায় ওই রাতেই উপপরিদর্শক (এসআই) ওমর ফারুক বাদী হয়ে মামলা করেন। মামলায় ৪৩ জনের নাম উল্লেখের পাশাপাশি অজ্ঞাতপরিচয় আরও ৩০০ জনকে আসামি করা হয়।

বিএম কলেজে ফ্যাসিবাদমুক্ত দিবস

হয়। র‍্যালিতে উপস্থিত ছিলেন বিএম কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. শেখ তাজুল ইসলাম সহ কলেজের শিক্ষকগণ, ক্যাম্পাসের ছাত্রসংগঠন সমূহের নেতৃবৃন্দ এবং সাধারণ শিক্ষার্থীরা। গত ২০২৪ সালের আজকের এই দিনে (১৬ জুলাই) বিএম কলেজের জন্য একটি শ্বাসরুদ্ধকর দিন ছিল। চব্বিশের ১৬ জুলাই এই দিন ক্যাম্পাসে সাধারণ শিক্ষার্থীদের উপর হামলা করে ছাত্রলীগের নেতাকর্মীরা। তৎক্ষনাৎ সেই সময় ছাত্রলীগের হামলার প্রতিবাদে ছাত্ররা তুমুল প্রতিরোধ গড়ে তোলে ক্যাম্পাস থেকে ছাত্রলীগকে বিতাড়িত করে ও ক্যাম্পাস থেকে ছাত্রলীগকে নিষিদ্ধ করে। তাই সেই সময় বিএম কলেজ ছাত্রলীগমুক্ত প্রথম ক্যাম্পাস হিসেবে পরিচিতি পায়। তার ধারাবাহিকতায় ২০২৫ সাল থেকে এই দিবস টিকে বিএম কলেজে ফ্যাসিবাদমুক্ত প্রথম ক্যাম্পাস হিসেবে পালন করা হচ্ছে। এই বিষয়ে বিএম কলেজের শিক্ষার্থী সাব্বির হোসেন সোহাগ বলেন, "চব্বিশের ১৬ জুলাই সারা দেশে সর্বপ্রথম বিএম কলেজ ছাত্রলীগমুক্ত অর্থাৎ ফ্যাসিবাদ মুক্ত হয়। বিএম কলেজের তৎকালীন অধ্যক্ষ আমিনুল ইসলাম স্যার তখন এই বিষয়টি ঘোষণা করেন এবং আজ আমাদের বর্তমান অধ্যক্ষ এই বিষয়ে বক্তব্য রেখেছেন।" তিনি আরো বলেন, "জুলাই আন্দোলন বরিশাল বিএম কলেজ বরিশাল বিভাগের নেতৃত্ব দিয়েছে। বরিশালের সকল কলেজকে সুসংগঠিত করে আন্দোলন করেছে বিএম কলেজ।" র‍্যালি শেষে বিএম কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. শেখ তাজুল ইসলাম বলেন," আজকের এই দিবস টি বিএম কলেজের ইতিহাসে একটি গৌরব উজ্জ্বল দিন। কারণ চব্বিশের জুলাইয়ের ১৬ তারিখ এই দিনে সারা বাংলাদেশের ভিতর প্রথম একটি ক্যাম্পাস ফ্যাসিবাদমুক্ত হয়েছিল, সেই ক্যাম্পাস বিএম কলেজ"। তিনি আরো বলেন, " বিএম কলেজ থেকে যে ফ্যাসিবাদমুক্তের ধারা সূচিত হয় তার থেকে অনুপ্রাণিত হয়ে দেশের আরো ক্যাম্পাস ও বিভিন্ন এলাকা ফ্যাসিবাদমুক্ত হয়"। পরিশেষে তিনি জুলাই আন্দোলনে বিএম কলেজের একমাত্র শহিদ শিক্ষার্থী, শহিদ তাহিদুল ইসলামের আত্মার মাগফেরাত কামনা করে এবং ফ্যাসিবাদ বিরোধী শক্তিকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়ে বক্তব্য শেষ করেন। বক্তব্য শেষে বিএম কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. তাজুল ইসলাম জুলাই আন্দোলনে তার স্মৃতি লিখনের মাধ্যমে জুলাই আন্দোলনের স্মরণে স্মৃতি ও অনুভূতি লিখন কর্ণারের লিখন কর্মসূচি উদ্বোধন করেন।

লঘুচাপের প্রভাবে উত্তাল

৬০ কিলোমিটার বেগে অস্থায়ীভাবে দমকা অথবা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। তিনি জানান, উত্তর বঙ্গোপসাগর ও উপকূলীয় এলাকায় ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার আশঙ্কা থাকায় পায়রা, চট্টগ্রাম, কক্সবাজার ও মোংলা সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। এ পরিস্থিতিতে গভীর সাগরে অবস্থানরত মাছধরা ট্রলারগুলোকে উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচলের নির্দেশনা দিয়েছে আবহাওয়া অফিস। বুধবার বিকেল থেকেই দেশের বৃহৎ মৎস্য অবতরণ কেন্দ্র আলীপুর ও মহিপুর এলাকার খাপড়াভাঙ্গা নদীর পোতাশ্রয়ে হাজার হাজার মাছধরা ট্রলার আশ্রয় নিয়েছে।

ঝালকাঠির উন্নয়নে ৮০০ কোটি টাকার প্রকল্প

বিএনপি করবে না। আমরা প্রতিশোধ নেব উন্নয়ন, সুশাসন ও মানুষের জীবনমানের ইতিবাচক পরিবর্তনের মাধ্যমে। অন্ধকারের রাজনীতি থেকে বেরিয়ে এসে আমরা আলোকিত রাজনীতি প্রতিষ্ঠা করতে চাই। সেই অন্ধকার সময়ে আর ফিরে যেতে চাই না। বৃহস্পতিবার (১৬ জুলাই) ঝালকাঠি সদর উপজেলা পরিষদ মিলনায়তনে আয়োজিত উন্নয়ন ও সহায়তা বিতরণ-সংক্রান্ত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি আরও বলেন বলেন, সরকারের লক্ষ্য দেশের স্বাস্থ্যখাতকে ঢেলে সাজিয়ে সাধারণ মানুষের দোরগোড়ায় উন্নত স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়া। একই সঙ্গে বেকারত্ব কমানো, কৃষির উন্নয়ন এবং মানুষের জন্য পুষ্টিকর খাদ্য সহজলভ্য করার উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি জানান, আগামী পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণের কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এর মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলা এবং মানুষের জীবন-জীবিকার উন্নয়ন নিশ্চিত করা হবে। তিনি আরও বলেন, বিএনপি সরকার ইমাম, খতিব, মুয়াজ্জিন ও পুরোহিতসহ বিভিন্ন ধর্মের মানুষের কল্যাণে সহযোগিতার হাত বাড়িয়েছে। বর্তমান সরকার মাত্র পাঁচ মাস দায়িত্বে রয়েছে। এরই মধ্যে ফ্যামিলি কার্ড, কৃষক কার্ডসহ জনকল্যাণমূলক বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। ঝালকাঠির প্রসঙ্গ তুলে তিনি বলেন, ইতিহাস, ঐতিহ্য, ব্যবসা-বাণিজ্য, শিক্ষা ও সংস্কৃতিতে ঝালকাঠি একটি সমৃদ্ধ জেলা ছিলো। সবাইকে একসঙ্গে কাজ করে একটি আলোকিত ঝালকাঠি গড়ে তুলতে হবে। তিনি জানান, ঝালকাঠিতে দেশের প্রথম 'কালচারাল ভিলেজ' বা সাংস্কৃতিক পল্লী নির্মাণে ১৫০ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। সেখানে বরিশাল বিভাগের ছয় জেলার ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি নান্দনিকভাবে তুলে ধরা হবে। এ ছাড়া ঝালকাঠিতে আধুনিক স্পোর্টস কমপ্লেক্স নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণের কাজ শুরু হয়েছে এবং এটি বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) অন্তর্ভুক্ত হয়েছে। এই কমপ্লেক্স নির্মিত হলে তরুণদের খেলাধুলার সুযোগ বাড়বে, তারা মাদক থেকে দূরে থাকবে, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে নিজেদের মেধার বিকাশ ঘটাতে পারবে। পাশাপাশি এখানে প্রশিক্ষক নিয়োগসহ নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। তিনি বলেন, অতীতে ঝালকাঠির উন্নয়ন প্রকল্পগুলো পিরোজপুরের সঙ্গে যুক্ত থাকায় জেলা কাঙ্ক্ষিত উন্নয়ন থেকে বঞ্চিত হয়েছে। এখন ঝালকাঠির জন্য পৃথক উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রায় ৮০০ কোটি টাকার উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে জেলার গ্রামগঞ্জে সড়ক, কাঁচা রাস্তা, সেতু ও কালভার্টসহ বিভিন্ন অবকাঠামোর উন্নয়ন করা হবে। গাবখান চ্যানেলের প্রসঙ্গে তিনি বলেন, এটি বাংলাদেশের একটি ঐতিহ্যবাহী কৃত্তিম নৌপথ, যা সুয়েজ খালের মতোই গুরুত্বপূর্ণ। এর সংরক্ষণ, রক্ষণাবেক্ষণ ও সৌন্দর্যবর্ধনে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হচ্ছে। তিনি আরও বলেন, কেওড়া ইউনিয়নের সারেঙ্গল বাজার নদীগর্ভে বিলীন হওয়ার ঝুঁকিতে রয়েছে। এ বিষয়ে পানি উন্নয়ন বোর্ডের সঙ্গে আলোচনা হয়েছে এবং বাজার রক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে। পাশাপাশি ঝালকাঠি সদর হাসপাতালকে দ্রুত ২৫০ শয্যায় উন্নীত করার কার্যক্রমও এগিয়ে চলছে।

বরগুনা পৌরসভার ৪ প্রকল্পের

দীর্ঘদিনের দাবি ও নাগরিক সুবিধা নিশ্চিত করতে বিগত বছরগুলোতে ৪টি মেগা প্রকল্প হাতে নেওয়া হয়েছিল। প্রকল্পগুলোর মোট ব্যয় ধরা হয়েছিল ৪০ কোটি ২৯ লাখ টাকা। তবে কাজ শেষ না হতেই প্রকল্প এলাকাগুলো এখন পরিত্যক্ত ভবনে পরিণত হয়েছে। সাংস্কৃতিক চর্চা ও সভা-সেমিনার আয়োজনের জন্য ২০১৮ সালের মার্চ মাসে বরগুনা পৌর শহরের সিরাজউদ্দীন সড়কে ৫০০ আসনবিশিষ্ট একটি আধুনিক টাউন হল মিলনায়তন নির্মাণের কাজ শুরু হয়। ৭ কোটি ২ লাখ টাকা ব্যয়ের এই প্রকল্পটি ২০২১ সালের মার্চে শেষ হওয়ার কথা থাকলেও ২০২২ সাল পর্যন্ত মাত্র ৮০ ভাগ কাজ করে ঠিকাদারি প্রতিষ্ঠান কাজ বন্ধ করে দেয়। বর্তমান অবস্থা আরও করুণ; ভবনের দরজা-জানালা চুরি হয়ে গেছে এবং এটি এখন রীতিমতো গোয়ালঘরে পরিণত হয়েছে। পৌরবাসীর সুপেয় পানির সংকট দূর করতে ২০১৮ সালের জুলাই মাসে প্রায় ১৭ কোটি ৯২ লাখ টাকা ব্যয়ে দুটি উচ্চ জলাধার (পানির ট্যাংক) নির্মাণ শুরু হয়। কাজ প্রায় শেষ হলেও আধুনিক যন্ত্রপাতির অভাবে পৌরবাসী আজও এক ফোঁটা পানি পায়নি। সবচেয়ে বড় ট্র্যাজেডি বরগুনা পৌর সমন্বিত বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পের আধুনিক বর্জ্য শোধনাগারটি নিয়ে। বাংলাদেশ সরকার ও এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) অর্থায়নে প্রায় ১৬ কোটি টাকা ব্যয়ে বরগুনা সদর ইউনিয়নের হেউলিবুনিয়া এলাকায় এটি নির্মিত হয়। ২০২১ সালের ২৬ ডিসেম্বর আনুষ্ঠানিকভাবে এটি উদ্বোধন করা হলেও দীর্ঘ ৫ বছরেও এর কার্যক্রম চালু করা সম্ভব হয়নি। এ বিষয়ে ক্ষোভ প্রকাশ করে জেলা নাগরিক অধিকার সংরক্ষণ কমিটির সাধারণ সম্পাদক সাংবাদিক মনির হোসেন কামাল বলেন, 'পৌরসভার সুপেয় পানির সুবিধার্থে চার বছর আগে দুটি পানির ট্যাংক স্থাপন করা হয়েছিল। কিন্তু সেখান থেকে পানি পাওয়ার সুযোগ আজ পর্যন্ত নাগরিকরা পাননি। এ ছাড়া বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় নির্মিত কোটি টাকার বর্জ্য শোধনাগারটি কোনো কাজে আসছে না। অথচ পাশেই সড়কের পাশে খোলা জায়গায় শহরের বর্জ্য ফেলা হচ্ছে, যার ফলে আমাদের প্রকৃতি ও পরিবেশ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।' প্রকল্পগুলো বন্ধ হওয়ার পেছনে তৎকালীন পৌর মেয়র ও ঠিকাদারি প্রতিষ্ঠানের মধ্যকার দ্বন্দ্বকে দায়ী করছেন সংশ্লিষ্টরা। সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠানের পক্ষ থেকে দাবি করা হয়েছে, তারা ৮০ শতাংশ কাজ সম্পন্ন করার পর তৎকালীন মেয়র তহবিলের টাকা অন্য খাতে সরিয়ে নেওয়ায় তারা বকেয়া বিল পাননি, যার কারণে কাজ বন্ধ রাখতে হয়েছে। অন্যদিকে, পৌরসভার বর্তমান নির্বাহী প্রকৌশলী মো. মাছুম বিল্লাহ জানান, কাজ সম্পন্ন করার জন্য ঠিকাদারদের বারবার চিঠি দেওয়া হলেও তারা কাজ শেষ করেনি। সার্বিক বিষয়ে বরগুনা পৌরসভার বর্তমান প্রশাসক সজল চন্দ্র শীল গণমাধ্যমকে জানান, পানির ট্যাংক ও বর্জ্য শোধনাগারটির মূল কাজ শেষ হলেও কিছু আনুষঙ্গিক ও কারিগরি কাজের অভাব এবং জনবল সংকটের কারণে এগুলো চালু করা যায়নি। তবে প্রকল্পগুলো যাতে দ্রুত চালু করে পৌরবাসীকে নাগরিক সুবিধা দেওয়া যায়, সে বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা চলছে।

'জুলাই শহীদ ও আহত যোদ্ধাদের

বলেন, জুলাই আন্দোলনের চেতনা ও অর্জন রক্ষায় সংশ্লিষ্ট সকল সরকারি দপ্তর, শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনকে সমন্বিতভাবে দায়িত্ব পালন করতে হবে। শহিদ পরিবার ও আহত যোদ্ধাদের সম্মান, মর্যাদা ও নিরাপত্তা নিশ্চিত করতে প্রশাসনসহ সকলকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। উপজেলা সমাজসেবা কর্মকর্তা মামুন হোসাইনের সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় জুলাই আন্দোলনের আহত যোদ্ধারা তাদের অভিজ্ঞতা তুলে ধরে বলেন, "অনেক ত্যাগ, সংগ্রাম ও কষ্টের বিনিময়ে জুলাই আন্দোলন সফল হয়েছিল। কিন্তু বর্তমানে অনেক আহত যোদ্ধা বিভিন্ন স্থানে কটূক্তি ও বৈষম্যমূলক আচরণের শিকার হচ্ছেন, যা অত্যন্ত দুঃখজনক।" বক্তারা বলেন, জুলাই শহিদ ও আহত যোদ্ধাদের আত্মত্যাগ জাতি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। তাদের মর্যাদা ও নিরাপত্তা নিশ্চিত করতে প্রশাসনসহ সংশ্লিষ্ট সকল বিভাগকে আরও দায়িত্বশীল ও মানবিক ভূমিকা পালন করতে হবে। আইনশৃঙ্খলা বাহিনীর প্রতিনিধিরাও এ বিষয়ে তৎপর থাকার প্রতিশ্রুতি দেন। পুলিশের পক্ষ থেকে জানানো হয়, জুলাইয়ের ওপরে আঘাত আসলে তাৎক্ষণিক কঠোর পদক্ষেপ নেয়া হবে। আলোচনা সভায় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ নাজমুল হুদা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জয়ন্ত কুমার অপু, মেডিকেল অফিসার ডা. আশরাফুল ইসলাম, উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মোতাহার হোসেন আলমগীর মালতীয়া, সাবেক সহ-সভাপতি কয়সর আহমেদ কমল, অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর (এপিপি) হযরত আলী হিরন, উপজেলা জামায়াতের দপ্তর সম্পাদক ও সহকারী অধ্যাপক রেজাউল হাসান ইমরান, উপজেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি বাহার উদ্দিন, শশীভূষণ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফিরোজ আহম্মেদ, দক্ষিণ আইচা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আহসান কবির, চরফ্যাশন প্রেসক্লাবের সাধারণ সম্পাদক কামাল গোলদার, উপজেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম দুলাল, মহিলা বিষয়ক কর্মকর্তা মো. নুরনবী, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, এনজিও সুশীলনের কর্মকর্তা বুলবুল আহমেদ, জুলাই আন্দোলনের আহত যোদ্ধাসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিরা।

হরমুজের পর লোহিত সাগরও বন্ধের হুমকি

অন্তত তিনটি সূত্র ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্সকে এই তথ্য জানিয়েছে। লোহিত সাগরে তেল পরিবহনের পথ বন্ধ করে দিতে হুথিদের দেওয়া ইরানের এই নির্দেশ বৈশ্বিক জ্বালানি সরবরাহের ক্ষেত্রে নতুন ও চরম সংকট তৈরি করতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। নাম প্রকাশ না করার শর্তে ইরানের জ্যেষ্ঠ দুই কর্মকর্তা এবং এই প্রক্রিয়ার সঙ্গে যুক্ত আঞ্চলিক একটি সূত্র রয়টার্সকে বলেছে, বিষয়টি নিয়ে ইসলামি প্রজাতন্ত্র ইরানের নীতিনির্ধারক মহলে বিস্তারিত আলোচনা হয়েছে। পাশাপাশি ইরানের মিত্র হুথিদের কাছে এই বার্তা পৌঁছে দেওয়া হয়েছে। তেহরানের এই অনুরোধের কথা সম্প্রতি হুথিদের জানিয়ে দেওয়া হয়েছে। এর আগে কোনও সংবাদমাধ্যমে বিষয়টি নিয়ে সংবাদ পরিবেশন করা হয়নি। তবে এই নির্দেশ ঠিক কীভাবে পাঠানো হয়েছে এবং মঙ্গলবার মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের বিদ্যুৎ অবকাঠামোয় হামলা চালানোর যে হুমকি দিয়েছিলেন, তার পরপরই এই বার্তা দেওয়া হয়েছে কি না; সে বিষয়ে সূত্রগুলো সুনির্দিষ্ট করে কিছু জানায়নি। এ বিষয়ে মন্তব্যের জন্য রয়টার্সের পক্ষ থেকে যোগাযোগ করা হলেও ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় এবং হুথি গোষ্ঠীর মুখপাত্রের তাৎক্ষণিক কোনও বক্তব্য পাওয়া যায়নি। হুথিদের ঘনিষ্ঠ একটি সূত্র বলেছে, ইয়েমেনের পাহাড়ি অঞ্চল হোদাইদাহ ও এডেন উপসাগরের মধ্যবর্তী এলাকায় এবং লোহিত সাগরের প্রবেশদ্বার 'বাব আল-মান্দেব' প্রণালীর কাছাকাছি ক্ষেপণাস্ত্র ও ড্রোন মোতায়েন করেছে। ইতিমধ্যে বাণিজ্যিক জাহাজে হামলা চালানোর সব ধরনের প্রস্তুতি সম্পন্ন করেছে গোষ্ঠীটি। বর্তমানে তারা ইরানের পক্ষ থেকে কেবল চূড়ান্ত নির্দেশের অপেক্ষায় রয়েছে। লোহিত সাগর এবং এর বাব আল-মান্দেব প্রবেশদ্বারে যেকোনও ধরনের অস্থিরতা বিশ্বজুড়ে চলমান জ্বালানি সংকটকে আরও বাড়িয়ে দিতে পারে। ইরানের হরমুজ প্রণালী বন্ধ করে দেওয়ার পর থেকেই এই বৈশ্বিক সংকট শুরু হয়েছে। নতুন এই হুমকি দুই পক্ষের মধ্যকার সংঘাতের ভয়াবহ ঝুঁকিকে আবারও সামনে এনেছে। বর্তমানে হরমুজ প্রণালী বন্ধ রয়েছে। এর ওপর লোহিত সাগরের জাহাজ কিংবা বন্দরগুলোতে হুথিরা আক্রমণ চালালে মধ্যপ্রাচ্যের প্রধান দুটি তেল রপ্তানি রুট একসঙ্গে সম্পূর্ণ অচল হয়ে পড়বে। এটি একদিকে যেমন বিশ্বব্যাপী জ্বালানি সংকটকে মারাত্মক পর্যায়ে নিয়ে যাবে, অন্যদিকে যুক্তরাষ্ট্রের সঙ্গে ইরানের চলমান সংঘাতের পরিধি আরও বাড়িয়ে দেবে। হুথিদের ঘনিষ্ঠ ওই সূত্র বলেছে, ইয়েমেনে আগে থেকেই অবস্থান করা ইরানের ইসলামি রেভোলিউশনারি গার্ড কর্পসের (আইআরজিসি) প্রতিনিধিরা বাব আল-মান্দেব প্রণালি কখন বন্ধ করা হবে; সেই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন। ওই অঞ্চলের ক্রমবর্ধমান উত্তেজনার মাঝে সোমবার নিজেদের নিয়ন্ত্রণে থাকা একটি বিমানবন্দরে বোমাবর্ষণের জন্য সৌদি আরবকে দায়ী করে দেশটির ওপর ক্ষেপণাস্ত্র হামলা চালায় হুথিরা। এর মাধ্যমে সৌদি আরব ও হুথিদের চার বছর ধরে টিকে থাকা দীর্ঘ যুদ্ধবিরতি ভেস্তে যায়। ঝুঁকি বিশ্লেষণকারী প্রতিষ্ঠান ভেরিস্ক ম্যাপলক্রফটের মধ্যপ্রাচ্যবিষয়ক প্রধান বিশ্লেষক তরবজর্ন সলভড বলেন, হুথি ও সৌদি আরবের এই সংঘাত অত্যন্ত স্পর্শকাতর সময়ে সামনে এসেছে। তিনি বলেন, লড়াই যদি আরও তীব্র রূপ ধারণ করে এবং তা লোহিত সাগরের রপ্তানি অবকাঠামো ও জাহাজ চলাচলে ছড়িয়ে পড়ে, তাহলে তা এই অঞ্চল থেকে তেল রপ্তানির একমাত্র প্রধান বিকল্প রুটটিকেও পুরোপুরি বন্ধ করে দেবে। রিয়াদের ঘনিষ্ঠ আঞ্চলিক দুটি সূত্র বলেছে, ইরান ও হুথিদের পক্ষ থেকে আসা এই হুমকিকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে দেখছে সৌদি আরব। লোহিত সাগর নিয়ে ইয়েমেনি এই গোষ্ঠীটি এখন সরাসরি তেহরানের দিকনির্দেশনায় কাজ করছে।

বাংলাদেশে বিয়ের নামে 'প্রতারণা' নিয়ে

ঝুঁকি রয়েছে বলে মঙ্গলবার (১৪ জুলাই) এক সোশ্যাল মিডিয়া পোস্টে জানিয়েছে তারা। বাংলাদেশি আইন অনুযায়ী, মানব পাচারের অপরাধে দোষী সাব্যস্ত হলে ন্যূনতম সাত বছরের কারাদণ্ড ও কমপক্ষে পাঁচ লাখ টাকা (৪ হাজার ১০০ মার্কিন ডলার) জরিমানার বিধান রয়েছে। অপরাধের মাত্রা ভেদে এই শাস্তি যাবজ্জীবন কারাদণ্ড বা এমনকি মৃত্যুদণ্ড পর্যন্ত হতে পারে। এছাড়া পাচারের প্ররোচনা দেওয়ার মতো অপেক্ষাকৃত কম গুরুতর অপরাধের জন্যও তিন থেকে সাত বছরের জেল ও সর্বোচ্চ ২০ হাজার টাকা জরিমানার নিয়ম রয়েছে। চীনা দূতাবাস জানায়, সম্প্রতি চীনা নাগরিকদের জড়িয়ে এ ধরনের আন্তঃসীমান্ত বা ক্রস-বর্ডার বিয়ের নামে প্রতারণা আশঙ্কাজনক হারে বেড়েছে। তারা স্পষ্ট করে বলেছে যে আন্তর্জাতিক বিয়ে অবশ্যই পারস্পরিক সম্মতি ও সত্যিকারের ভালোবাসার ভিত্তিতে হওয়া উচিত। 'কনে কেনার' এই কালোবাজারি প্রায়ই আর্থিক চাঁদাবাজি ও শারীরিক বিপদের কারণ হয়ে দাঁড়ায়। কনে খোঁজার এই আন্তর্জাতিক 'ঘটকালির বাজার' নিয়ে বেইজিং দিন দিন বেশ চিন্তিত হয়ে পড়ছে, কারণ চীনে এই ধরনের বাণিজ্যিক ঘটকালি সম্পূর্ণ বেআইনি বা নিষিদ্ধ। এই কালোবাজারি ব্যবসাটি চাঙ্গা হওয়ার পেছনে চীনের তীব্র লিঙ্গবৈষম্য একটি বড় কারণ হিসেবে কাজ করছে। ২০২০ সালের জাতীয় আদমশুমারি অনুযায়ী, চীনে বিয়ের বয়সী নারীদের তুলনায় পুরুষের সংখ্যা প্রায় ১ কোটি ৭৫ লাখ বেশি। এই পরিস্থিতিতে একদিকে যেমন বিদেশি নাগরিকদের বিয়ের নামে পাচার হওয়া থেকে রক্ষা করতে চাইছে চীনা কর্তৃপক্ষ, অন্যদিকে আন্তর্জাতিক প্রতারক চক্রের খপ্পরে পড়ে নিজেদের নাগরিকদের বিপুল অর্থ খোয়ানোও বন্ধ করতে চাইছে তারা। গত কয়েক বছরে ভিয়েতনাম, মিয়ানমার, লাওস, পাকিস্তান ও নেপালে অবস্থিত চীনা দূতাবাস এবং কনসুলেটগুলোও এমন বিয়ের জালিয়াতির বিরুদ্ধে একাধিক সতর্কবার্তা জারি করেছে। বেইজিং নিজস্ব সীমানার মধ্যেও এই অপরাধের বিরুদ্ধে অভিযান জোরদার করেছে। সুপ্রিম পিপলস প্রোকিউরেটরেটের তথ্য অনুযায়ী, ২০২৪ সালের জানুয়ারি থেকে ২০২৫ সালের মার্চের মধ্যে মানব পাচার ও প্রতারণামূলক বিয়ের সাথে জড়িত থাকার অভিযোগে ১ হাজার ৫৪৬ জনকে গ্রেফতার করা হয়েছে। অনেক ক্ষেত্রে দেখা গেছে, চীনা পুরুষেরা মোটা অঙ্কের অর্থ দিয়ে বিয়ে করার পর বিদেশি কনেরা কোনো খোঁজ ছাড়াই গায়েব হয়ে গেছে। আবার কিছু ক্ষেত্রে নারীদের অপহরণ করে চীনা পুরুষদের বিয়ে করতে বাধ্য করা হয়েছে। গত বছরের মার্চ মাসে মাদাগাস্কারে চাকরির ভুয়া প্রলোভন দেখিয়ে তরুণীদের চীনে পাচারের অভিযোগে আটজন চীনা নাগরিক গ্রেফতার হন। সম্প্রতি চীনা পুলিশ হুনান, আনহুই ও শানডং প্রদেশে যৌথভাবে একটি বড় চক্রের বিরুদ্ধে অভিযান চালায়। সেখানে তিনজন মিয়ানমারের নারী স্বীকার করেন যে তারা মূলত বিয়ের নামে প্রতারণা করতেই চীনে এসেছিলেন। ওই বিশেষ অভিযানে ৬৩ জনের বিরুদ্ধে ফৌজদারি মামলা, ৩৩ জনের বিরুদ্ধে প্রশাসনিক শাস্তি ও ৫০ লাখ ইউয়ানেরও (৭ লাখ ৩৮ হাজার ডলার) বেশি মূল্যের সম্পদ জব্দ করা হয়। রাষ্ট্রীয় গণমাধ্যম সিজিটিএন (ঈএঞঘ) গত এপ্রিলের এক প্রতিবেদনে জানায়, এই পাচারকারী চক্রটির নেটওয়ার্ক চীন, ভিয়েতনাম ও মিয়ানমারজুড়ে বিস্তৃত ছিল।

অনলাইন জুয়ায় প্রতিদিন পাচার

মিডিয়া সেন্টারে আয়োজিত অনলাইন জুয়াবিরোধী অভিযানে ৬৫০০টি এমএফএস অ্যাকাউন্ট সংবলিত সিম কার্ড জব্দসহ আসামি গ্রেফতার সংক্রান্ত এক সংবাদ সম্মেলনে এসব জানান অতিরিক্ত পুলিশ কমিশনার (গোয়েন্দা) মো.শফিকুল ইসলাম। গ্রেফতাররা হলেন- . আরিফুল ইসলাম রিফাত (২৩), মো. আরমান হোসেন জিহাদ (২৩), মাসুদ হোসেন (২২), আব্দুল রাব্বী (২৩), কৌশিক আহমেদ শুভ (২৩) ও মশিউর রহমান তারেক (২০)। এ বিষয়ে ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে অতিরিক্ত পুলিশ কমিশনার (গোয়েন্দা) মো.শফিকুল ইসলাম বলেন, ডিবি কর্তৃক গাজীপুর ও কুমিল্লায় অভিযান চালিয়ে অনলাইন জুয়ার সঙ্গে জড়িত থাকায় ছয়জনকে গ্রেফতার করা হয়। অভিযানে তাদের কাছ থেকে ৬৬০০টি এমএফএস (বিকাশ/নগদ) অ্যাকাউন্ট সংবলিত সিমকার্ড, ৬৭টি বিভিন্ন কোম্পানির সিমকার্ড, একটি ল্যাপটপ, ৭০টির বেশি মোবাইল ডিভাইস ও একটি মাইক্রোবাস উদ্ধার করা হয়। ডিবি সাইবার অ্যান্ড স্পেশাল ক্রাইম ডিভিশন কর্তৃক সাইবার মনিটরিংয়ের মাধ্যমে অনলাইনে জুয়ার বেশকিছু ওয়েবসাইট ও মোবাইল অ্যাপলিকেশন শনাক্ত করা হয় জানিয়ে তিনি বলেন, ওয়েবসাইটগুলো পর্যালোচনায় দেখা যায়, অনলাইন জুয়া কার্যক্রম পরিচালনার জন্য সাইটগুলোতে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের এজেন্ট অ্যাকাউন্ট ব্যবহার করা হয়। জুয়ার সাইট ও মোবাইল অ্যাপস থেকে প্রাপ্ত এমএফএস অ্যাকাউন্ট পর্যালোচনা করে অনলাইন জুয়ার সঙ্গে সম্পৃক্ত একটি সংঘবদ্ধ চক্রকে শনাক্ত করা হয়। তিনি বলেন, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে গাজীপুরের টঙ্গীতে একটি রিসোর্টে অভিযান চালিয়ে তিন আসামিকে গ্রেফতার করা হয়। তাদের দেওয়া তথ্যের ভিত্তিতে কুমিল্লা জেলা ডিবির সহায়তায় কুমিল্লা সদরের এলিট প্যালেস হোটেলে অভিযান চালিয়ে আরও তিন আসামিকে গ্রেফতার করা হয়। মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের অ্যাকাউন্ট সংরক্ষণের জন্য তারা বড় রেজিস্টার বই ব্যবহার করে অত্যন্ত সুশৃঙ্খলভাবে কাজটি পরিচালনা করতেন। অনলাইন জুয়ার ওয়েবসাইট ও অ্যাপস পরিচালনার কাজে অনেকগুলো পেমেন্ট কোম্পানি কাজ করে জানিয়ে তিনি বলেন, উল্লেখযোগ্য কিছু পেমেন্ট কোম্পানি হলো পে কাশমা, গো পে, লাকি পে, এলকিউ পে, এক্স-ই পে, কুল পে প্রভৃতি। বাংলাদেশকেন্দ্রিক জুয়ার সাইটে যেসব পেমেন্ট কোম্পানি কাজ করে তার অধিকাংশই চাইনিজ নাগরিকদের দ্বারা নিয়ন্ত্রিত। এসব পেমেন্ট কোম্পানির বাংলাদেশে ব্যবসা পরিচালনার জন্য স্থানীয় প্রচলিত লেনদেনের মাধ্যম প্রয়োজন হয়। যার মাধ্যমে তারা অনলাইনে যোগাযোগের মাধ্যমে বাংলাদেশিদের কাছ থেকে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস ও ব্যাংকের অ্যাকাউন্ট সংগ্রহ করে। তিনি আরও বলেন, ব্যাংকের তুলনায় সহজলভ্য এবং দুর্বল মনিটরিংয়ের সুযোগের কারণে অধিকাংশ ক্ষেত্রে এসব পেমেন্ট কোম্পানি এমএফএস অ্যাকাউন্ট ব্যবহার করে। জুয়ার সাইট এবং অ্যাপস পরিচালনার জন্য সাধারণত এমএফএস এজেন্ট অ্যাকাউন্ট, মার্চেন্ট অ্যাকাউন্ট ও মার্চেন্ট এপিআই ব্যবহার করা হয়। এসব এজেন্ট অ্যাকাউন্টে হওয়া লেনদেন দিনশেষে হিসাব করে লভ্যাংশ এজেন্ট অ্যাকাউন্ট থেকে এমএফএস পারসোনাল অ্যাকাউন্টে পাঠানো হয়। এই অর্থ ব্যবহার করে ক্রিপ্টো প্ল্যাটফর্ম (বাইন্যান্স, বাইবিট, বিটগেট প্রভৃতি) ব্যবহার করে ক্রিপ্টো ডলার (ইউএসডিটি) কেনা হয়। পরে পেমেন্ট কোম্পানির দেওয়া ওয়ালেটে অ্যাড্রেসে ক্রিপ্টো ডলার পাঠানো হয়। অতিরিক্ত পুলিশ কমিশনার বলেন, মূলহোতা আরিফসহ যে চক্রকে গ্রেফতার করা হয়েছে তাদের ডিভাইসের তথ্য বিশ্লেষণে জানা গেছে এখানে দৈনিক প্রায় ৫ কোটি টাকার মতো লেনদেন করা হতো। আরিফ আগেও গ্রেফতার হয়েছেন। তার বিরুদ্ধে চারটি মামলা রয়েছে। আরিফ অবৈধ উপার্জনের টাকায় বিলাশী জীবনযাপন করেন। কিছুদিন আগে পূর্বাচলে একটি বিএমডব্লিউ উল্টে গেছে। এরপর তিনি আবার একটি বিএমডব্লিউ গাড়ি কিনেছেন। পুলিশের হাত থেকে বাঁচতে ভিন্ন কৌশলের কথা জানিয়ে তিনি বলেন, আমরা যেখান থেকে তাকে ধরেছি সেখানেও তিনি তিনটা রুম বুকিং করেছিলেন। তিনি যে রুমে ছিলেন সেই রুমের ভাড়াই দিনে ৫০ হাজার টাকা। তিনি এখানে হয়তো চার-পাঁচ দিন থাকতেন। এরপর পুলিশ যখন তাকে লোকেট করবে ঠিক তখন তিনি জায়গা পরিবর্তন করে অন্য কোনো হোটেলে বা কক্সবাজারে নামি-দামি হোটেলে রুম ভাড়া করে থাকতেন। দীর্ঘদিন তিনি আইনশৃঙ্খলা বাহিনীর চোখ ফাঁকি দিতে এই কৌশল অবলম্বন করতেন। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, আমরা যতটুকু জানতে পেরেছি এই চক্রের বস নাতান। তিনি একজন চাইনিজ নাগরিক। দেশে জুয়ার সাইট থেকে প্রতিদিন কী পরিমান অর্থ পাচার হচ্ছে জানতে চাইলে তিনি বলেন, প্রাথমিকভাবে আমাদের দেশে ৭০০ থেকে ১ হাজার কোটি টাকা ট্রানজেকশন হচ্ছে। এই অনলাইন জুয়ার সঙ্গে সম্পৃক্ত কাউকে ছাড় দেওয়া হবে না বলেও জানান তিনি।

হাতেম আলী কলেজে 'জুলাই শহিদ দিবস' উপলক্ষ্যে সভা ও দোয়া

ফজলে রাব্বি, সৈয়দ হাতেম আলী কলেজ

'জুলাই শহিদ দিবস-২০২৬' উপলক্ষে সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশালে গভীর শ্রদ্ধা, ভাবগম্ভীর পরিবেশ ও যথাযোগ্য মর্যাদায় স্মরণসভা এবং বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে জুলাইয়ের গণ-অভ্যুত্থানে আত্মোৎসর্গকারী সকল শহিদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়। বিশেষভাবে স্মরণ করা হয় শহিদ আবু সাঈদ, ওয়াসিম, মীর মুগ্ধসহ আন্দোলনে জীবন উৎসর্গকারী সকল বীর সন্তানকে। তাঁদের আত্মত্যাগ দেশের ন্যায়বিচার, গণতান্ত্রিক মূল্যবোধ ও বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠার সংগ্রামে চিরকাল প্রেরণার উৎস হয়ে থাকবে বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন। স্মরণসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. আখতারুজ্জামান খান। এ সময় উপস্থিত ছিলেন শিক্ষক পরিষদের সম্পাদকবৃন্দ , কলেজের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ, কর্মকর্তা, শিক্ষার্থী এবং বিভিন্ন ছাত্র সংগঠনের প্রতিনিধিরা। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর মো. আখতারুজ্জামান খান বলেন, "জুলাইয়ের শহিদদের আত্মত্যাগ আমাদের জাতীয় ইতিহাসের এক গৌরবোজ্জ্বল অধ্যায়। শহিদ আবু সাঈদ, ওয়াসিম, মীর মুগ্ধসহ যারা দেশের মানুষের অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে জীবন উৎসর্গ করেছেন, তাঁদের ঋণ কোনো দিন শোধ করা সম্ভব নয়। তাঁদের আত্মত্যাগ আমাদের সত্য, ন্যায়, মানবিকতা ও দেশপ্রেমের পথে অবিচল থাকার শক্তি জোগায়। নতুন প্রজন্মকে শুধু পাঠ্যপুস্তকের শিক্ষায় নয়, নৈতিকতা, দেশপ্রেম ও মানবিক মূল্যবোধে সমৃদ্ধ হয়ে দেশ গঠনের কাজে আত্মনিয়োগ করতে হবে।" তিনি আরও বলেন, "শহিদদের স্বপ্ন ছিল একটি বৈষম্যহীন, গণতান্ত্রিক ও মানবিক বাংলাদেশ। সেই স্বপ্ন বাস্তবায়নে আমাদের সবাইকে নিজ নিজ অবস্থান থেকে সততা, দায়িত্বশীলতা ও নিষ্ঠার সঙ্গে কাজ করতে হবে। শহিদদের আত্মত্যাগকে স্মরণ করার সর্বোত্তম উপায় হলো তাঁদের আদর্শকে ধারণ করে দেশ ও মানুষের কল্যাণে নিজেকে নিবেদিত করা।" বিভিন্ন বিভাগের শিক্ষকরা বলেন, "জুলাইয়ের শহিদরা নিজেদের জীবনের বিনিময়ে জাতিকে নতুন করে স্বপ্ন দেখিয়েছেন। তাঁদের আত্মত্যাগ ইতিহাসের পাতায় চিরস্মরণীয় হয়ে থাকবে। নতুন প্রজন্মের মাঝে দেশপ্রেম, গণতান্ত্রিক মূল্যবোধ, মানবিকতা ও সামাজিক দায়িত্ববোধ জাগ্রত করতে শিক্ষকদের আরও অগ্রণী ভূমিকা পালন করতে হবে।" বিভিন্ন ছাত্র সংগঠনের প্রতিনিধিরা বলেন, "জুলাইয়ের শহিদদের রক্ত বৃথা যেতে পারে না। শহিদ আবু সাঈদ, ওয়াসিম, মীর মুগ্ধসহ সকল শহিদের আত্মত্যাগ আমাদের অন্যায়, বৈষম্য ও দুর্নীতির বিরুদ্ধে সোচ্চার হওয়ার শক্তি জোগায়। আমরা তাঁদের আদর্শকে ধারণ করে একটি বৈষম্যহীন, ন্যায়ভিত্তিক, মানবিক ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে ঐক্যবদ্ধভাবে কাজ করার অঙ্গীকার করছি।" বক্তারা আরও বলেন, জুলাই শুধু একটি মাস নয়; এটি আত্মত্যাগ, সাহস, গণমানুষের অধিকার আদায়ের সংগ্রাম এবং নতুন বাংলাদেশের প্রত্যয়ের প্রতীক। তাই নতুন প্রজন্মের কাছে জুলাইয়ের ইতিহাস, শহিদদের আত্মত্যাগ ও তাঁদের আদর্শ তুলে ধরা সময়ের দাবি। স্মরণসভা শেষে জুলাইয়ের গণ-অভ্যুত্থানে শহিদ সকল বীর সন্তানের রুহের মাগফিরাত কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। দোয়ায় শহিদদের রুহের মাগফিরাত, আহতদের দ্রুত সুস্থতা এবং দেশের শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করা হয়। বিশেষ দোয়া অনুষ্ঠানে উপস্থিত শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী এবং বিভিন্ন ছাত্র সংগঠনের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের সমাপ্তিতে উপস্থিত সবাই জুলাই শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন এবং তাঁদের আদর্শ ধারণ করে একটি বৈষম্যহীন, মানবিক ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে নিজ নিজ অবস্থান থেকে দায়িত্বশীল ভূমিকা পালনের প্রত্যয় ব্যক্ত করেন।

ভুয়া ফেসবুক আইডি থেকে সমকামিতার

অভিযোগ 'মিথ্যা, বানোয়াট ও উদ্দেশ্যপ্রণোদিত' বলে দাবি করেছেন অভিযুক্ত আরিফুল ইসলাম মোল্লা। লিখিত বক্তব্যে কলেজ ছাত্রদলের প্রচার সম্পাদক মো. ফারদিন ইসলাম অভিযোগ করেন, সভাপতি আরিফুল ইসলাম মোল্লা মেয়েদের নামে একাধিক ভুয়া ফেসবুক আইডি খুলে সংগঠনের নেতা-কর্মী ও সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে প্রতারণামূলক যোগাযোগ করতেন। পরে তাঁদের সমকামিতার প্রস্তাব দিতেন। তিনি আরও দাবি করেন, কয়েকজন সাধারণ শিক্ষার্থীর সঙ্গে জোরপূর্বক সমকামিতার চেষ্টাও করা হয়েছে এবং এ-সংক্রান্ত কিছু তথ্যপ্রমাণ তাঁদের কাছে রয়েছে। বিষয়টি জানতে পেরে তাঁরা সভাপতিকে জিজ্ঞাসা করলে তিনি টাকা দিয়ে বিষয়টি মীমাংসার প্রস্তাব দেন বলেও অভিযোগ করেন ফারদিন। সংবাদ সম্মেলনে কলেজ ছাত্রদল নেতা মো. ইশতিয়াক অভিযোগ করেন, আরিফুল ইসলাম মোল্লা বিভিন্ন ভুয়া আইডির মাধ্যমে একাধিক ব্যক্তিকে সমকামিতার প্রস্তাব দিয়েছেন। এ-সংক্রান্ত মেসেঞ্জার কথোপকথনের স্ক্রিনশট তাঁদের কাছে সংরক্ষিত রয়েছে বলে তিনি দাবি করেন। একই সঙ্গে তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়ার দাবি জানান তিনি। অপর এক ছাত্রনেতা মো. আরিফুল ইসলাম মুবিন অভিযোগ করেন, একটি ফেসবুক আইডি থেকে আরিফুল ইসলাম মোল্লার ছবি ব্যবহার করে তাঁকে সমকামিতার প্রস্তাব দেওয়া হয়। পরে খোঁজ নিয়ে তিনি জানতে পারেন, ওই আইডিটি আরিফুল ইসলাম মোল্লার। এ বিষয়ে জানতে চাইলে তাঁকে প্রাণনাশের হুমকি দেওয়া হয়েছে বলেও অভিযোগ করেন তিনি। তবে এসব অভিযোগ অস্বীকার করেছেন শহীদ স্মৃতি ডিগ্রি কলেজ ছাত্রদলের সভাপতি মো. আরিফুল ইসলাম মোল্লা। তিনি বলেন, 'আমার রাজনৈতিক অবস্থানকে ক্ষতিগ্রস্ত করতে একটি পক্ষ পরিকল্পিতভাবে মিথ্যা অপপ্রচার চালাচ্ছে। কথিত স্ক্রিনশট ও অন্যান্য উপকরণ এআই বা প্রযুক্তির মাধ্যমে তৈরি করা হয়েছে।' তিনি জানান, এ ঘটনায় আইনি পদক্ষেপ নেব। এ বিষয়ে নেছারাবাদ উপজেলা ছাত্রদলের সদস্যসচিব মো. জিয়াউল হক সজীব বলেন, 'বিষয়টি সম্পর্কে আমি অবগত নই। ছাত্রদলের কেউ এ ধরনের কর্মকাণ্ডে জড়িত থাকতে পারে বলে বিশ্বাস করি না। অভিযোগের বিষয়টি খোঁজ নিয়ে প্রয়োজনীয় সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে।'

ভাণ্ডারিয়ায় জুলাই দিবস

শামীম, মো. রাফসান সানি, শহীদ এমমাদুলের মা হাছিনা বেগম, বিএনপির যুগ্ম আহবায়ক সিকদার জাকির হোসেন বাচ্চু, সাংগঠনিক সম্পাদক আবুল কালাম আযাদ মলাত, পৌর বিএনপির আহবায়ক মো. মান্নান হাওলাদার, যুগ্ম আহবায়ক ওয়াসীম মন্নান উৎপল হাওলাদার,ইসলামী আন্দোলন উপজেলা সভাপতি আলহাজ্ব বাদশা জোমাদ্দার, জামায়েতের আমীর মাওলানা আমীর হোসেন, সাংবাদিক রিয়াজ মাহমুদ মিঠু প্রমূখ। পরে জুলাই শহিদদের রুহের মাগফিরাত এবং আহত জুলাই যোদ্ধাদের সুস্থ্যতা কামনা করে দোয়া মোনাজাত পরিচালনা করেন উপজেলা মসজিদের পেশ ইমাম মাওলানা মো.মুসাম্মিদ সিকদার।

বাবুগঞ্জের ৩ জুলাই শহীদ

তিনটি গুলি লেগেছিল। সন্তান হারানোর ২০ মাস পরও মা কহিনূর কাঁদতে কাঁদতে মূর্ছা যাচ্ছেন। একমাত্র ছেলেকে হারিয়ে নির্বাক বাবা জাকির হোসেনও। ভাইয়ের অকাল প্রাণহানি মানতে পারছে না ছোটবোন সুমাইয়া জান্নাত বৃষ্টি। শান্তর বাবা জাকির হোসেন বলেন, বিনাদোষে আমার সন্তানকে যারা হত্যা করেছে, তাদের বিচার চাই আমি। আমি জাকির হোসেন শহীদ শান্তর গর্বিত বাবা; এটাই আমার পরিচয়। শান্তর মা বলেন, আমার তো অনেক আশা ছিল। আমার ছেলে পড়ালেখা করে পুরস্কার নিয়ে আসবে। আমার বাবা যে এতো বড় অ্যাওয়ার্ড নিয়ে আসবে, আমি তো বুঝতে পারি নাই। আমাকে সে সেরা মায়ের সম্মান দিয়ে গেল। আমি শহীদের সম্মানিত মা, এখন এই পরিচয় আমার জন্য অনেক গর্বের। অন্যদিকে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের সাপোর্ট স্টাফ ছিলেন আবদুল্লাহ আল আবির (২৭)। কোটা সংস্কার আন্দোলনে নেমে পুলিশের গুলিতে আহত হয়েছিলেন ২০২৪ সালের ১৯ জুলাই। ওই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সঙ্গে পুলিশের দিনভর সংঘর্ষ চলে। সন্ধ্যায় গুলিতে পেটের ভেতরটা ছিন্নভিন্ন হয়ে যায় তার। ২১ জুলাই রাতে ঢাকার একটি হাসপাতালে তার মৃত্যু হয়। ওইদিন রাতে বরিশালের বাবুগঞ্জ উপজেলার বাহেরচর ক্ষুদ্রকাঠী গ্রামে জানাজা শেষে তাকে দাফন করা হয়। বাবুগঞ্জের ক্ষুদ্রকাঠী গ্রামের মিজানুর রহমান বাচ্চুর ছেলে আবদুল্লাহ বোনের সঙ্গে ঢাকার ভাড়া বাসায় থাকতেন। ভগ্নিপতি মহিমুল ইসলাম নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে চাকরি করার সুবাদে আবদুল্লাহরও সেখানে চাকরির ব্যবস্থা হয়। তার বাবা বাচ্চু বরিশাল নগরের জননিরাপত্তা অপরাধ ট্রাইব্যুনালের চতুর্থ শ্রেণির কর্মচারী। ক্ষুদ্রকাঠী গ্রামে এখনো আবদুল্লাহকে হারানোর শোকের ছায়া বিরাজ করছে। একমাত্র ভাইয়ের মৃত্যু কিছুতেই মানতে পারছেন না বোন মারিয়া আক্তার। মারিয়া বলেন, গুলিতে তার কিডনি ক্ষতিগ্রস্ত হওয়ায় চিকিৎসক একটি কিডনি কেটে ফেলেন। তারপরও ভেতরের রক্তক্ষরণ বন্ধ হয়নি। ১১ ব্যাগ রক্ত দিলেও শরীরে ধরে রাখা যায়নি। আবদুল্লাহর মা পারভীন সুলতানা ছেলের কথা বলতেই কান্নায় ভেঙে পড়েন। তিনি বলেন, আমার ছেলে শহীদ হয়েছে। তার বিজয় হয়েছে। কিন্তু আমার আবির দেখে যেতে পারল না। অন্যদিকে চব্বিশের ৫ আগস্ট আন্দোলনের চূড়ান্ত বিজয়ের কয়েক ঘণ্টা আগে নিহত হন রাকিব হোসাইন (২৮)। বরিশালের বাবুগঞ্জ উপজেলার মানিককাঠি গ্রামের কৃষক আলমগীর হোসেনের ছেলে তিনি। রাকিব বরিশাল থেকে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং নিয়ে ডিপ্লোমা করে বিএসসির জন্য ভর্তি হন ঢাকার সাউথইস্ট ইউনিভার্সিটিতে। জানা যায়, শুরু থেকে রাকিব বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে যুক্ত ছিলেন। রাকিবের বড় ভাই আবুল কালাম বলেন, আমার ভাইকে দুইটা গুলি করে হত্যা করেছে পুলিশ। দুইটা গুলিই তার পেটে বিদ্ধ হয়। তবে তলপেটের গুলিটি শরীর ভেদ করে বেরিয়ে যায়। রাকিব হোসাইনের প্রতিবেশীরা জানান, একজন প্রতিবাদী যুবক হিসেবে এলাকায় সুপরিচিত ছিলেন রাকিব। অন্যায় দেখলে মুখ বুজে থাকতেন না তিনি। দুই ভাই, তিন বোনসহ সাতজনের সংসার তাদের। তার কৃষক বাবার আর্থিক অবস্থা তেমন ভালো নয়। রাকিবকে ঘিরেই সব স্বপ্ন ছিল তাদের। তাই রাকিবের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়াসহ পুনর্বাসন করা প্রয়োজন। এ ব্যাপারে বাবুগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আসমাউল হুসনা বলেন, তথ্য মোতাবেক জুলাই-আগস্ট আন্দোলনে বাবুগঞ্জ উপজেলায় ৩ যুবক গুলিবিদ্ধ হয়ে শহীদ হয়েছেন। ইতোমধ্যে আমরা নিহতদের পরিবারের জন্য বরাদ্দকৃত সরকারি সহায়তা পৌঁছে দিচ্ছি।

কলাপাড়ায় শিশুকে ধর্ষণ

জানান, তার নাতনি বাইরে খেলতে গেলে প্রতিবেশি শহিদুল তাকে ডেকে ঘরে নিয়ে ধর্ষণের চেষ্টা করে। শিশুটি বাসায় এসে ঘটনা জানায়। ন্যাক্কারজনক এ ঘটনার সুষ্ঠ তদন্তসহ বিচারের দাবি জানান তিনি। শিশুটির মা জানান, তিনি চাকরির সুবাদে ঢাকায় থাকেন। তার চার বছরের সন্তান নানির কাছে থাকে। তার মেয়ের সাথে এমন ঘটনার সর্বোচ্চ বিচারের দাবি জানিয়েছেন তিনি। তবে, স্থানীয়রা বিষয়টির সুষ্ঠ বিচার না করে টাকা দিয়ে ধামাচাপা দেয়ার চেষ্টা করেন বলে তিনি অভিযোগ করেন। এ বিষয়ে কলাপাড়া থানার উপ-পুলিশ পরিদর্শক শহিদুল ইসলাম বলেন, সংবাদ পেয়ে ঘটনাস্থলে গিয়ে প্রধান আসামীকে পালিয়ে যেতে সাহায্য করায় একজনকে আটক করা হয়েছে। এছাড়া, মূল আসামীকে গ্রেফতারের চেষ্টা অব্যাহত রয়েছে।

দক্ষিণাঞ্চলের উন্নয়ন বঞ্চনার অবসানের

মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সমাবেশের সার্বিক প্রস্তুতি, লক্ষ্য ও কর্মপরিকল্পনা তুলে ধরেন আয়োজকরা। সংবাদ সম্মেলনে বিভাগীয় সমাবেশ বাস্তবায়ন কমিটির আহ্বায়ক অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল বলেন, ''দক্ষিণাঞ্চলের মানুষের দীর্ঘদিনের ন্যায্য দাবি ও অধিকার আদায়ের লক্ষ্যে এই বিভাগীয় সমাবেশের আয়োজন করা হয়েছে। গণভোটের গণরায় বাস্তবায়নের পাশাপাশি দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি নিয়ন্ত্রণ, সাধারণ মানুষের দুর্ভোগ লাঘব, যোগাযোগ ব্যবস্থার আধুনিকায়ন এবং বরিশালসহ গোটা দক্ষিণাঞ্চলের অবকাঠামোগত উন্নয়নকে সমাবেশের অন্যতম দাবি হিসেবে তুলে ধরা হবে।'' তিনি জানান, বরিশাল বিভাগের ছয় জেলার প্রতিটি উপজেলা থেকে বাস, লঞ্চ ও অন্যান্য যানবাহনে নেতাকর্মী এবং সমর্থকরা সমাবেশে যোগ দেবেন। আয়োজকদের প্রত্যাশা, লক্ষাধিক মানুষের উপস্থিতিতে এটি দক্ষিণাঞ্চলের সাম্প্রতিক সময়ের অন্যতম বৃহৎ রাজনৈতিক সমাবেশে পরিণত হবে। সংবাদ সম্মেলনে নেতারা আরও বলেন, জুলাই আন্দোলনের চেতনা ধারণ করে জুলাই সনদের দ্রুত বাস্তবায়নের দাবিও এই সমাবেশে গুরুত্বের সঙ্গে উত্থাপন করা হবে। একই সঙ্গে জনগণের গণতান্ত্রিক অধিকার, ন্যায়ভিত্তিক রাষ্ট্রব্যবস্থা এবং জনকল্যাণমুখী উন্নয়ন নিশ্চিত করার আহ্বান জানানো হবে। আয়োজকরা জানান, সমাবেশকে কেন্দ্র করে সাংগঠনিক কার্যক্রম, মাঠপর্যায়ের সমন্বয়, পরিবহন ব্যবস্থাপনা এবং অন্যান্য প্রয়োজনীয় প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল পরিবেশে কর্মসূচি সফল করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতাও কামনা করেন তারা। উল্লেখ্য, আগামী ১৮ জুলাই (শনিবার) দুপুর ২টায় বরিশাল নগরীর ঈদগাহ মাঠে ১১ দলের উদ্যোগে এই বিভাগীয় সমাবেশ অনুষ্ঠিত হবে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শুক্রবার ॥ ১৭ জুলাই ২০২৬ ॥ ০২ শ্রাবণ ১৪৩৩

বাংলাদেশে বিয়ের নামে 'প্রতারণা' নিয়ে নিজ নাগরিকদের কড়া হুঁশিয়ারি চীনের

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশে অবস্থানরত নিজস্ব নাগরিকদের অবৈধ ঘটকালি সেবার মাধ্যমে বিয়ের জন্য কনে খোঁজার বিষয়ে কঠোর হুঁশিয়ারি দিয়েছে ঢাকার চীনা দূতাবাস। দালালের মাধ্যমে বিয়ে করলে মানব পাচারের অভিযোগে গ্রেফতার হওয়ার ৩ এর পাতায় দেখুন

হরমুজের পর লোহিত সাগরও বন্ধের হুমকি চরম ঝুঁকিতে বৈশ্বিক জ্বালানি সরবরাহ

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্র যদি ইরানের বিদ্যুৎ অবকাঠামো বা গ্রিড লক্ষ্য করে হামলা চালায়, তাহলে লোহিত সাগরের তেল পরিবহনের পথ বন্ধ করে দেওয়ার জন্য ইয়েমেনের হুথি বিদ্রোহীদের প্রস্তুত থাকার নির্দেশ দিয়েছে ইরান। বৃহস্পতিবার উচ্চপর্যায়ের ৩ এর পাতায় দেখুন

বাবুগঞ্জের ৩ জুলাই শহীদ পরিবারের ক্ষত এখনো তাজা

বাবুগঞ্জ প্রতিনিধি

চব্বিশের বৈষম্যবিরোধী আন্দোলনে বরিশালের বাবুগঞ্জ উপজেলায় ২ ছাত্র এবং ১ জন বিশ্ববিদ্যালয় কর্মী শহীদ হয়েছেন। ঘটনার প্রায় দুই বছর হতে চললেও তিন শহীদ পরিবারের কান্না আজও থামেনি। ফয়সাল আহমেদ শান্ত। বরিশালের বাবুগঞ্জ উপজেলার ব্যবসায়ী জাকির হোসেনের ছেলে। তার মা স্কুলশিক্ষিকা কোহিনূর বেগম। জাকির হোসেন জাহাজের পুরনো আসবাবপত্রের ব্যবসা করেন। ছোটবোন বৃষ্টি ও মা কহিনূরকে নিয়ে চট্টগ্রামের ইপিজেডে ভাড়া বাসায় থাকতেন তারা। চব্বিশের ১৬ জুলাই চট্টগ্রামের মুরাদপুর ২নং গেটের মাঝামাঝি জায়গায় কোটা সংস্কারকে কেন্দ্র করে আন্দোলনরত অবস্থায় গুলিতে নিহত হন শান্ত। ওমর গণি (এমইএস) কলেজের বিবিএ প্রথমবর্ষের শিক্ষার্থী ছিলেন তিনি। চব্বিশের ১৭ জুলাই বাবুগঞ্জের মহিষাদী গ্রামের পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হয়েছে। তার শরীরে ৩ এর পাতায় দেখুন

অনলাইন জুয়ায় প্রতিদিন পাচার হচ্ছে ১ হাজার কোটি টাকা

কীর্তনখোলা ডেস্ক

গাজীপুর ও কুমিল্লায় অভিযান চালিয়ে অনলাইন জুয়া পরিচালনার বিপুল সরঞ্জামসহ একটি চক্রের ছয় সদস্যকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গোয়েন্দা শাখা (ডিবি)। তাদের তথ্য বলছে, বাংলাদেশে পরিচালিত জুয়ার ওয়েবসাইটসমূহে এমএফএস অ্যাকাউন্টের মাধ্যমে দৈনিক ৭০০ থেকে ১০০০ কোটি টাকার ওপর লেনদেন হয়, যা দেশের বাইরে পাচার হচ্ছে। ডিবি বলছে, অবৈধ এই জুয়া পরিচালনার মাধ্যমে চক্রের মূলহোতা আরিফুল দৈনিক ৫ কোটি টাকা দেশের বাইরে পাচার করতেন। আর দেশের বাইরে থেকে এই চক্রটি নিয়ন্ত্রণে করতেন চাইনিজ নাগরিক নাতান। বৃহস্পতিবার (১৬ জুলাই) রাজধানীর মিন্টু রোডে ডিএমপি ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠির উন্নয়নে ৮০০ কোটি টাকার প্রকল্প হাতে নেওয়া হয়েছে: ড. জিয়াউদ্দিন হায়দার

ঝালকাঠি প্রতিনিধি

প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী ড. এস. এম. জিয়াউদ্দিন হায়দার বলেন, আজ ১৬ জুলাই বাংলাদেশের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ দিন। এই দিনে স্বৈরাচার ও ফ্যাসিবাদের বিরুদ্ধে আন্দোলনে আবু সাঈদ শহীন হন, একে একে মুগ্ধ, ওয়াসিমসহ অসংখ্য মানুষ শহীদ হন। তিনি বলেন, পৃথিবীর ইতিহাসে বিরল যে, একটি সরকার নিজ দেশের জনগণের ওপর গুলি চালিয়েছে। দীর্ঘ আন্দোলন, বিদ্রোহ ও বহু রক্তের বিনিময়ে স্বৈরাচারের শিরোমনি শেখ হাসিনার পতন ঘটে এবং এর মধ্য দিয়ে দেশে পরিবর্তনের নতুন সূচনা হয়েছে। তিনি বলেন, আমাদের নেতা তারেক রহমান প্রতিশোধের রাজনীতিতে বিশ্বাস করেন না। গত ১৭ বছরে যে জুলুম, নির্যাতন, গুম, খুন ও নিপীড়ন হয়েছে, তার পুনরাবৃত্তি ৩ এর পাতায় দেখুন

'জুলাই শহীদ ও আহত যোদ্ধাদের নিয়ে কটূক্তি করলে কঠোর ব্যবস্থা'

চরফ্যাশন প্রতিনিধি

জুলাই শহীদ ও আহত যোদ্ধাদের নিয়ে কটূক্তি, অবমাননাকর মন্তব্য কিংবা বৈষম্যমূলক আচরণ কোনোভাবেই বরদাশত করা হবে না। এ ধরনের ঘটনায় জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানিয়েছেন চরফ্যাশন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রুমানা আফরোজ। বৃহস্পতিবার সকালে ভোলার চরফ্যাশন উপজেলা পরিষদ হলরুমে উপজেলা প্রশাসনের আয়োজনে 'জুলাই শহিদ দিবস-২০২৬' উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ইউএনও রুমানা আফরোজ ৩ এর পাতায় দেখুন

বরগুনা পৌরসভার ৪ প্রকল্পের কোটি কোটি টাকা পানিতে

বরগুনা প্রতিনিধি

উদ্বোধনের পাঁচ বছর পার হলেও আলোর মুখ দেখেনি কোটি টাকার বর্জ্য শোধনাগার। অন্যদিকে, দীর্ঘ ৮ বছর ধরে ঝুলে আছে স্বপ্নের টাউন হল ও সুপেয় পানির ট্যাংক প্রকল্প। বরগুনা পৌরসভায় প্রায় ৪০ কোটি টাকা ব্যয়ে নির্মাণাধীন চারটি গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্পের কাজ মাঝপথে বন্ধ হয়ে যাওয়ায় নাগরিক সুবিধা থেকে চরমভাবে বঞ্চিত হচ্ছেন সাধারণ মানুষ। রাজনৈতিক প্রতিহিংসা, ঠিকাদার ও তৎকালীন মেয়রের রেষারেষি এবং অর্থ বরাদ্দের টানাপোড়েনে সরকারের কোটি কোটি টাকা এখন রীতিমতো পানিতে যাওয়ার উপক্রম হয়েছে। অনুসন্ধানে জানা যায়, বরগুনা পৌরবাসীর ৩ এর পাতায় দেখুন

ভুয়া ফেসবুক আইডি থেকে সমকামিতার প্রস্তাবের অভিযোগ ছাত্রদল নেতার বিরুদ্ধে

নেছারাবাদ প্রতিনিধি

পিরোজপুরের নেছারাবাদে শহীদ স্মৃতি ডিগ্রি কলেজ ছাত্রদলের সভাপতি মো. আরিফুল ইসলাম মোল্লার বিরুদ্ধে ভুয়া (ফেক) ফেসবুক আইডি ব্যবহার করে শিক্ষার্থীদের সমকামিতার প্রস্তাব দেওয়ার অভিযোগ এনে সংবাদ সম্মেলন করেছেন সংগঠনটির প্রচার সম্পাদক মো. ফারদিন ইসলামসহ কয়েকজন ছাত্রদল নেতা। বুধবার রাতে উপজেলার মাহমুদকাঠি বাজারের একটি রেন্ট-এ-কার অফিসে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। তবে সব ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় জুলাই দিবস উপলক্ষ্যে সভা ও দোয়া

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল বৃহস্পতিবার উপজেলা প্রশাসনের উপজেলা অডিটরিয়ামে উদ্যোগে '১৬জুলাই শহিদ দিবস'-২০২৬ পালন করা হয়। সকাল সোয়া ১১টায় কুরআন তেলাওয়াত,গীতা পাঠ শেষে জুলাই শহিদদের স্বরণে সকলে দাড়িয়ে ১মিনিট নিরবতা পালন করা হয়। পরে এ উপলক্ষ্যে এক আলোচনা সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. হাসিবুল হাসান এর সভাপতিত্বে এবং উপজেলা সহকারী কমিশনার (ভূমি) উজ্জ্বল হালদারের সঞ্চালনায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, ভাণ্ডারিয়া থানার ওসি তদন্ত রত্নেশ্বর কুমার মন্ডল, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ ইব্রাহীম মোল্লা, জুলাই যোদ্ধা এইচ এম ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়া থানা ভাঙচুর মামলার আসামি যশোরে গ্রেফতার

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়া থানায় হামলা ও ভাঙচুরের ঘটনায় দায়ের করা মামলার এজাহারভুক্ত এক আসামিকে যশোর থেকে গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার (১৬ জুলাই) বিকেল ৪টার দিকে যশোর সদর উপজেলার বাহাদুরপুর তেতুলতলা মোড় এলাকা থেকে উপশহর পুলিশ ক্যাম্পের সদস্যরা তাকে গ্রেফতার করেন। গ্রেফতার ব্যক্তি রিফাত ফকির (১৮)। তিনি বরিশালের আগৈলঝাড়া থানার ফুলশ্রী এলাকার খোনক ফকিরের ছেলে। পুলিশ জানিয়েছে, প্রাথমিক জিজ্ঞাসাবাদে তিনি ঘটনার সঙ্গে সম্পৃক্ত ২ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ার গৌরীপুরে চমক সৃষ্টি করে মাঈশা জামানের বৃত্তি লাভ

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলার ৮৫নং গৌরিপুর গুডহোপ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থী মাঈশা জামান প্রাথমিক বৃত্তি পরীক্ষায় সাধারণ গ্রেডে বৃত্তি পেয়ে অভাবনীয় সাফল্য অর্জন করেছে।

রোল নম্বর- ৫০১৪৮০৬ নিয়ে অত্যন্ত কৃতিত্বের সাথে সে এই গৌরব অর্জন করে। মাঈশা উপজেলার গৌরীপুর গ্রামের বাসিন্দা মাওলানা নুরুজ্জামান ও মোসাঃ কুরছিয়া দম্পতির কন্যা। মাঈশার এই সাফল্যে তার পরিবার ও বিদ্যালয় জুড়ে আনন্দের বন্যা বইছে। মেয়ের এমন সাফল্যে উচ্ছ্বসিত বাবা মাওলানা নুরুজ্জামান বলেন, "আমার মেয়ের এই বৃত্তি পাওয়ার পেছনে সবচেয়ে বড় অবদান তার মায়ের। তিনি দিনরাত ২ এর পাতায় দেখুন

মেঘনার পানি বিপৎসীমার ১০০ সেন্টিমিটার ওপরে পানিবন্দী হাজারো মানুষ

ভোলা প্রতিনিধি

ভোলার বিচ্ছিন্ন দ্বীপ উপজেলা মনপুরায় মেঘনা নদীর পানি বিপৎসীমার ১০০ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হওয়ায় বেড়িবাঁধের ভেতর ও বাইরের নিম্নাঞ্চল পাঁচ থেকে ছয় ফুট জোয়ারের পানিতে প্লাবিত হয়েছে। এতে হাজারো মানুষ পানিবন্দী হয়ে পড়েছে। একই সঙ্গে ঢাকায় যাতায়াতের অন্যতম নৌপথ রামনেওয়াজ লঞ্চঘাট জোয়ারের পানিতে তলিয়ে যাওয়ায় দুর্ভোগে পড়েছেন শত শত যাত্রী। বৃহস্পতিবার বেলা ২টার দিকে মেঘনা নদীর পানি বিপৎসীমার ১০০ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হওয়ার বিষয়টি নিশ্চিত করেন পানি উন্নয়ন বোর্ড (পাউবো) ডিভিশন-২-এর নির্বাহী প্রকৌশলী মো. আসাফউদ্দৌলা। সরেজমিনে দেখা গেছে, উপজেলার ১ নম্বর মনপুরা ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের পূর্ব পাশের ৬০ কলোনি জোয়ারের পানিতে প্লাবিত হয়েছে। কোথাও কোথাও বুকসমান পানি প্রবাহিত হয়। প্রায় ৬০টি পরিবারের বাসিন্দারা নিরাপদ আশ্রয়ের সন্ধানে ২ এর পাতায় দেখুন

মায়ের ফেসবুক স্ট্যাটাসের তিন ঘণ্টা পর পানিতে ডুবে শিশুর মৃত্যু

বরগুনা প্রতিনিধি

বরগুনার পাথরঘাটা উপজেলায় পানিতে ডুবে নাবিল (৫) নামে এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে। মৃত্যুর মাত্র তিন ঘণ্টা আগে ছেলেকে নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া মায়ের একটি আবেগঘন স্ট্যাটাস এখন স্বজন, স্থানীয় বাসিন্দা ও নেটিজেনদের হৃদয় ছুঁয়ে গেছে। বৃহস্পতিবার (১৬ জুলাই) দুপুর ১২টার দিকে উপজেলার সদর ইউনিয়নের হাজারখাল এলাকায় নিজ বাড়ির পুকুরে এ দুর্ঘটনা ঘটে। নিহত নাবিল স্থানীয় বাসিন্দা হাসান মিয়ার ছেলে। তার মা ফাহিমা রিমু পাথরঘাটা মেডিকেয়ার ডায়াগনস্টিক সেন্টারে চাকরি করেন। কর্মব্যস্ততার কারণে নাবিল বেশিরভাগ সময় নানির কাছেই থাকতো। পরিবার সূত্রে জানা যায়, ঘটনার ২ এর পাতায় দেখুন

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণকে অবগত করানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত জমিটি জনাব এস এম হালিম, পিতা- মৃত আব্দুল কাদের সরদার, মাতা- মৃত হামিদা বেগম সাং-দক্ষিণ শিহিপাশা, ডাক- গৈলা, উপজেলা- আগৈলঝাড়া, জেলা- বরিশাল। আমি জাহিদ হাসান, পিতা- কামাল হোসেন মাতা- জাহানারা বেগম সাং-পূর্ব সুজনকাঠি,

ডাক- গৈলা, উপজেলা- আগৈলঝাড়া, জেলা- বরিশাল-এর নিকট বিক্রয়ের প্রস্তাবান্তে আমি ক্রয়ের উক্ত প্রস্তাবে সম্মত জ্ঞাপন করি। বরিশাল জেলার আগৈলঝাড়া উপজেলার মানসী ফুল্লশ্রী মৌজায় এস.এ. ৪৬৮, ৪৬৯, ৪৭২নং খতিয়ানের এস.এ. সৃজিত ১০৫৯। এস.এ. সৃজিত ১০৫৮নং খতিয়ানের পুনরায় সৃজিত ১০৮৭নং খতিয়ানের ডি.পি./বি.এস. ১২৩নং খতিয়ানে মোট ২১ শতাংশ জমি ক্রয় করার জন্য ইতোমধ্যে বায়না দলিল করেছি। যদি উক্ত জমির মালিকানা বা সত্ত্ব নিয়ে কারো কোনো আপত্তি বা থাকে, তবে এই বিজ্ঞপ্তি প্রকাশের ১০ (দশ) দিনের মধ্যে স্বপক্ষের প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্ন স্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় উক্ত সময়ের পর দাবিকৃত সম্পত্তি দায়মুক্ত বলে গণ্য হইবে। আমি উক্ত সম্পত্তি ক্রয় করলে কারো কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

জাহিদ হাসানের পক্ষে
মিজানুর রহমান রাজু
আইনজীবী, বরিশাল জেলা জজ ও সুপ্রিম কোর্ট
মোবা: ০১৭১২১৭৬০৫০

লঘুচাপের প্রভাবে উত্তাল পটুয়াখালী উপকূল, ৩ নম্বর সতর্ক সংকেত বহাল

পটুয়াখালী প্রতিনিধি

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তর উড়িষ্যা-পশ্চিমবঙ্গ উপকূলীয় এলাকায় অবস্থানরত লঘুচাপের প্রভাবে পটুয়াখালী উপকূলে বৈরী আবহাওয়া বিরাজ করছে। জেলার উপকূলীয় এলাকায় আকাশ ঘন মেঘাচ্ছন্ন রয়েছে। বিভিন্ন স্থানে থেমে থেমে গুঁড়ি গুঁড়ি থেকে মাঝারি বৃষ্টিপাত হচ্ছে। নদ-নদীর পানির উচ্চতা কিছুটা বৃদ্ধি পেয়েছে। বাতাসের গতিবেগ বেড়েছে এবং কুয়াকাটা সংলগ্ন বঙ্গোপসাগর উত্তাল রয়েছে। সাগরে ছোট-বড় ঢেউ তীরে আছড়ে পড়ছে। পটুয়াখালী জেলা আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা মাহাবুবা সুখি ১৬ জুলাই (বৃহস্পতিবার) বেলা ১২টায় বাসসকে জানান, লঘুচাপের প্রভাবে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘণ্টায় ৪৫ থেকে ২ এর পাতায় দেখুন

বিএম কলেজে ফ্যাসিবাদমুক্ত দিবস ও জুলাই শহিদ দিবস পালিত

আজিজুল হাকিম সামি, বিএম কলেজ

সরকারি বিএম কলেজে র‍্যালি ও জুলাই স্মৃতি লিখন কর্ণারে স্মৃতি লিখনের মাধ্যমে পালিত হলো ফ্যাসিবাদমুক্ত দিবস ও জুলাই শহিদ দিবস ২০২৬। বৃহস্পতিবার (১৬ জুলাই) সকাল ১১ টায় ক্যাম্পাসের জিরো পয়েন্ট থেকে শুরু হয় ফ্যাসিবাদমুক্ত দিবস ও জুলাই শহিদ দিবস উপলক্ষে র‍্যালি। র‍্যালি টি পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে ক্যাম্পাসের জিরো পয়েন্টে এসে শেষ ২ এর পাতায় দেখুন

সাবেক প্যানেল মেয়র আলহাজ্ব কে এম শহীদুল্লাহসহ সেরাজিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নবগঠিত কমিটিকে এলাকাবাসীর পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয় -কীর্তনখোলা

কলাপাড়ায় শিশুকে ধর্ষণ চেষ্টার অভিযোগ, একজন আটক

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়ায় ৪ বছরের শিশুকে ধর্ষণ চেষ্টার অভিযোগ পাওয়া গেছে ৫০ বছর বয়সী শহিদুল মুন্সি নামের এক ব্যক্তির বিরুদ্ধে। বুধবার বিকেলে উপজেলার লালুয়া ইউনিয়নের ছোনখোলা গ্রামে এ ঘটনা ঘটে। এদিকে বিষয়টি ধামাচাপার চেষ্টা এবং অভিযুক্ত ব্যাক্তিকে পালিয়ে যেতে সহযোগিতা করার অভিযোগে আলা মৃধা নামের একজনকে আটক করেছে পুলিশ। এ ঘটনায় কলাপাড়া থানায় একটি মামলা দায়ের করেছেন শিশুটির নানি। শিশুটির নানি ৩ এর পাতায় দেখুন



প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com